- এক্সট্রা কারিকুলাম অ্যাক্টিভিটি হিসাবে এই সার্টিফিকেট চাকরির ক্ষেত্রে সুবিধাজনক হবে
- মঞ্চ, দূরদর্শন, চলচ্চিত্র ইত্যাদি জায়গায় সুযোগের সম্ভাবনা

যোগাযোগ 97339 25384 / 96813 57111
আসন সংখ্যা সীমিত, সত্বর যোগাযোগ করুন

**APAI-WB Pre Counselling & Education Fair 2025**
A one stop solution for shaping your career beyond 10th Std, 12th Std & graduation.



Build your career in Bengal - a secure foundation for your dreams.
ENTRY FREE
Organised by: APAI — ASSOCIATION OF PROFESSIONAL ACADEMIC INSTITUTIONS WEST BENGAL — www.apaiwb.com

| | | | |
|---|---|---|---|
| Date : June 9, 2025 (Monday) | Date : June 14, 2025 (Saturday) | Date : June 21, 2025 (Saturday) | Date : 4th-5th July 2025 |
| Time : 11:00 AM to 5:00 PM | Time : 11:00 AM to 5:00 PM | Time : 10:00 AM to 7:00 PM | Time : 11:00 AM to 7:00 PM |
| Venue : Courtyard by Marriott, Mallaguri, S.C. Road, SILIGURI | Venue : Jack Paul Residency, Hospital Road PASCHIM MEDINIPUR | Venue : Fortune Park Pushpanjali, ITC, City Centre, DURGAPUR | Venue : Netaji Indoor Stadium KOLKATA |

Discover unparalleled opportunities to engage directly with leading self-financed institutions of West Bengal, offering diverse courses in Engineering/Technology (CSE, AIML, Data Science, Cyber Security, IoT, etc.), Pharmacy, and Architecture, paving the way to completing degrees such as B.Tech, B.Pharm, B.Arch., M.Tech, MCA, MBA, BCA, BBA, BHM, and securing your dream job on a global scale.

ADDITIONAL PROGRAM: BBA / BCA / BHM / B.HMCT / MCA MBA / DIPLOMA / B.SC. MEDIA SC. & Hospitality etc.

All courses are approved by AICTE, New Delhi & affiliated to Maulana Abul Kalam Azad University of Technology, West Bengal. Most of the colleges are also accredited to NAAC & NBA

These institutions provide a platform to develop skills aligned with cutting-edge technologies that are highly sought after in today's industries. Additionally, a diverse range of applied courses in fields such as management, hospitality, commerce, and accounting are available.

Member colleges of APAI-WB account for 85% of engineering and pharmacy seat intakes under WBJEEB. Take advantage of Bengal's affordable tuition fees, complemented by various scholarships, concessions, and government-supported credit facilities offered at minimal interest rates.

Member colleges of APAI-WB have been contributing to national progress by facilitating thousands of student placements in leading multinational corporations worldwide as well as in esteemed domestic industries for over two decades.

**Participating APAI Member Colleges:**
- Abacus Institute of Engineering & Management (JV), Mogra, Hooghly
- Academy of Technology, Hooghly
- Asansol Engineering College (JV), Asansol
- B.P. Poddar Institute of Management & Technology, Kolkata
- Bankura Unnayani Institute of Engineering, Bankura
- BCDA College of Pharmacy & Technology, Barasat
- BCDA College of Pharmacy & Technology, Madhyamgram
- Bengal School of Technology, (A College of Pharmacy) Chinsurah
- Budge Budge Institute of Technology, Budge Budge
- Bengal College of Pharmaceutical Science & Research, Durgapur
- Bengal College of Engineering and Technology, Durgapur
- Bharat Technology, Uluberia, Howrah
- Calcutta Institute of Technology, Uluberia, Howrah
- Calcutta Institute of Pharmaceutical & Allied Health Science, Uluberia, Howrah
- Calcutta Institute of Engineering and Management, Kolkata
- Calcutta Institute of Science & Management, Kolkata
- College of Engineering & Management, Kolaghat
- Dr. B.C. Roy Engineering College, Durgapur
- Dr. B.C. Roy College of Pharmacy & Allied Health Sciences, Durgapur
- Dream Institute of Technology, Kolkata
- Elitte College of Engineering
- Future Institute of Engineering & Management, Kolkata
- Future Institute of Technology, Kolkata
- Gargi Memorial Institute of Technology, Kolkata
- George College, Kolkata
- Global Institute of Management and Technology, Krishnanagar
- Gupta College of Technological Sciences, Asansol
- Haldia Institute of Technology, Haldia
- Heritage Institute of Technology, Kolkata
- Hooghly Engineering & Technology College, Hooghly
- Ideal Institute of Engineering, Kalyani
- Institute of Engineering & Management under School of University of Engineering & Management, Kolkata
- JIS Group Educational Initiatives
  - Dr. Sudhir Chandra Sur Degree Engineering College, Kolkata
  - Guru Nanak Institute of Technology, Kolkata
  - Greater Kolkata College of Engineering & Management (JV), Baruipur
  - Guru Nanak Institute of Technology, Kolkata
  - Guru Nanak Institute of Pharmaceutical Science & Technology, Kolkata
  - JIS College of Engineering, Kalyani
  - Narula Institute of Technology, Kolkata
- JLD Engineering and Management College, Baruipur
- Mallabhum Institute of Technology, Bishnupur, Bankura
- MCKV Institute of Engineering, Liluah, Howrah
- NSHM Knowledge Campus, Kolkata
- NSHM Knowledge Campus, Durgapur
- Omdayal Group of Institutions
  - OmDayal College of Architecture, Uluberia, Howrah
  - OmDayal College of Engineering, Uluberia, Howrah
- Pailan College of Management & Technology, Kolkata
- Sanaka Educational Trust's Group of Institutions
- Seacom Engineering College, Howrah
- Supreme Knowledge Foundation Group of Institutions, Mankundu, Chandannagar
- St. Thomas College of Engineering & Technology, Kolkata
- Swami Vivekananda Group of Institutes
  - Regent Education & Research Foundation Group of Institutions, Barrackpore
  - Swami Vivekananda Institute of Science & Technology, Sonarpur
- Techno India Group
  - Meghnad Saha Institute of Technology, Kolkata
  - Netaji Subhas Engineering College, Garia, Kolkata
  - Siliguri Institute of Technology, Siliguri
  - Techno Bengal Institute of Technology, Kolkata
  - Techno College, Hooghly
  - Techno Institute of Engineering & Management, Banipur
  - Techno International New Town, Kolkata
  - Techno International Batanagar
  - Techno Main Salt Lake
  - Techno Polytechnic Durgapur

Attractive Placement across all Growing Sectors

-: In assistance with :-
Higher Education Dept., Govt. of West Bengal
Maulana Abul Kalam Azad University of Technology, West Bengal
West Bengal Joint Entrance Examination Board

ASSOCIATE SPONSORS :-
OmDayal Group of Institutions
Event Managed by CP Career Planner edu fair

## অল্প পুঁজিতে বেশি লাভ

# ভেষজ শ্যাম্পু তৈরির ব্যবসা



অনুপকুমার বসু

রাসায়নিক সামগ্রী দিয়ে তৈরি শ্যাম্পু ত্বকের ও চুলের ক্ষতি করতে পারে বলে স্বাস্থ্য সচেতন বাঙালিরা এখন ভেষজ শ্যাম্পু ব্যবহারের দিকে ঝুঁকছেন। বিশেষত হোম মেড ভেষজ শ্যাম্পুর চাহিদা এখন সবচেয়ে বেশি।

৬০ হাজার থেকে ৭০ হাজার টাকা পুঁজি নিয়ে এই ব্যবসা করলে মাসে অন্তত ৫০ হাজার টাকা লাভ করতে পারবেন। দোকানে-দোকানে ঘুরে বিক্রির বদলে অনলাইনে বিক্রি করতে পারলে লাভ অনেক বাড়বে। তবে এজন্য প্রচার খাতে প্রাথমিকভাবে খরচ করতে হবে।

**কাঁচামাল :** ১০ লিটার ভেষজ শ্যাম্পু তৈরি করতে কাঁচামাল বলতে লাগবে : (১) ২০০ গ্রাম আমলা, (২) ২০০ গ্রাম শিকাকাই, (৩) ২০০ গ্রাম রিটা ফল, (৪) ১০০ গ্রাম মেথি, (৫) ৫০ গ্রাম রোজমেরী, (৬) ১০০ গ্রাম তিসি, (৭) ১ লিটার সোডিয়াম লর‌্যাল ইথার সালফেট ও প্যারাফিন মুক্ত শ্যাম্পু বেস, (৮) ৭৫০ মিলি লিটার গ্লিসারিন, (৯) দেড় চা চামচ অর্থাৎ ১৫ মিলি লিটার ভিটামিন ই তেল, (১০) ২৫ মিলি লিটার ল্যাভেন্ডার বা মগরার সুগন্ধী (এসেন্সিয়াল) অয়েল, (১১) ৫০ গ্রাম ভৃঙ্গরাজ, (১২) ৫০ গ্রাম জবাকুসুম অর্থাৎ হিবিস্কাস, (১৩) ৫০ গ্রাম ঘৃতকুমারী, অর্থাৎ অ্যালোভেরা, (১৪) ৭ লিটার পরিস্রুত জল।

**দাম :** (১) ১ কেজি আমলার দাম ১০০ টাকা। (২) ১ কেজি শিকাকাইয়ের দাম ৩০০ টাকা। (৩) ১ কেজি রিটা ফলের দাম ৩৫০ টাকা। (৪) ১ কেজি মেথির দাম ১৫০ টাকা। (৫) ১ কেজি রোজমেরীর দাম ৩০০ টাকা। (৬) ১ কেজি তিসির দাম ৭০ টাকা। (৭) এস.এল.এস ও প্যারাফিন মুক্ত ১ লিটার শ্যাম্পু বেসের দাম ৪৫০ টাকা। (৮) ১ লিটার গ্লিসারিনের দাম ১৫০ টাকা। (৯) ১ লিটার ভিটামিন ই অয়েলের দাম ১,০০০ টাকা। (১০) ১ লিটার ল্যাভেন্ডার অয়েলের দাম ১,৮০০ টাকা। (১১) ১ কেজি ভৃঙ্গরাজের দাম ৫০ টাকা। (১২) ১ কেজি জবাকুসুমের গুঁড়ো বা হিবিস্কাস পাউডারের দাম ৩০০ টাকা। (১৩) ১ কেজি অ্যালোভেরা জেল-এর দাম ১২০ টাকা। আর জলের ক্ষেত্রে পঞ্চায়েত, পুরসভা বা পুরনিগমের পরিস্রুত পানীয় জল ব্যবহার করতে পারেন। তবে ইচ্ছে হলে R.O. ওয়াটার ব্যবহার করতে পারেন। ৫ লিটারের দাম পড়বে ১০ টাকা।

### ১০ লিটার ভেষজ শ্যাম্পু তৈরি করতে কত খরচ পড়বে

| | |
|---|---|
| ১। ২০০ গ্রাম আমলা — | ২০ টাকা |
| ২। ২০০ গ্রাম শিকাকাই — | ৬০ টাকা |
| ৩। ২০০ গ্রাম রিটা ফল — | ৭০ টাকা |
| ৪। ১০০ গ্রাম মেথি — | ১ টাকা ৫০ পয়সা |
| ৫। ৫০ গ্রাম রোজমেরী — | ১৫ টাকা |
| ৬। ১০০ গ্রাম তিসি — | ৭ টাকা |
| ৭। ১ লিটার শ্যাম্পু বেস — | ৪৫০ টাকা |
| ৮। ১৫ মিলি লিটার ভিটামিন ই-তেল — | ১৫ টাকা |
| ৯। ৭৫০ মিলি লিটার গ্লিসারিন — | ১১২ টাকা ৫০ পয়সা |
| ১০। ২৫ মিলি লিটার ল্যাভেন্ডার অয়েল — | ৪৫ টাকা |
| ১১। ৫০ গ্রাম ভৃঙ্গরাজ — | ২ টাকা ৫০ পয়সা |
| ১২। ৫০ গ্রাম হিবিস্কাস পাউডার — | ১৫ টাকা |
| ১৩। ৫০ গ্রাম অ্যালোভেরা জেল — | ৬ টাকা |
| ১৪। ৭ লিটার ২০০ মিলি লিটার পরিস্রুত জল | — |
| ১৫। ৫০০ মিলি লিটারের ২০টি বোতল — | ২৮০ টাকা |
| ১৬। ব্র্যান্ড নেমসহ স্টিকার বাবদ — | ২৪০ টাকা |
| | ১,৩৩৯ টাকা ৫০ পয়সা |

প্রতি লিটার ভেষজ শ্যাম্পুর দাম পড়ছে প্রায় ১৩৪ টাকা।

**সরঞ্জাম :** কোনো মেশিনপত্র ছাড়া নিজের হাতে ঘরে বসে এই ভেষজ শ্যাম্পু করতে লাগবে এইসব সরঞ্জাম :




(১) ১০-১২ কেজি সামগ্রী রাখার উপযোগী ১টি স্টেনলেস স্টিলের বড়ো গামলা, (২) স্টেনলেস স্টিলের ১-২টি বড়ো হাতা, (৩) স্টেনলেস স্টিলের ১টি বড়ো মগ, (৪) ১টি বড়ো স্টেনলেস স্টিলের সসপ্যান, (৫) ১টি বড়ো ছাঁকনি, (৬) ওজন পরিমাপের ১টি ছোটো মেশিন, (৭) তরল পদার্থ পরিমাপের জন্য ছোটো ১-২টি প্লাস্টিকের মেজারিং কাপ, (৮) বোতলে ভরার জন্য ১টি কাঁপা বা ফানেল। আর ১টি রান্নার গ্যাসের উনুন।

**কীভাবে তৈরি করবেন :** প্রথমে ১টি বড়ো গামলায় ভেষজ সব সামগ্রী ওপরের অনুপাতে ঢেলে ভালোভাবে ধুয়ে নিতে হবে। তারপর স্টেনলেস স্টিলের বড়ো সসপ্যানে ওইসব সামগ্রী ঢেলে সারারাত জলে ভিজিয়ে রাখতে হবে।

পরের দিন সকালে রিটার ভেতরের দানা বের করে বাইরে ফেলে দিয়ে রিটার খোল চটকে ওইসব ভেষজ সামগ্রীর পাত্রের জলের সঙ্গে মেশাতে হবে। এরপর গ্যাসের উনুন জ্বালিয়ে ১টা বড়ো গামলায় অন্তত ৫-৭ লিটার জল গরম করতে বসান। জল গরম হলে সসপ্যানে রাখা সব ভেষজ সামগ্রীর মিশ্রণ ফুটন্ত জলে ফেলে অন্তত ৩০ থেকে ৪৫ মিনিট ফোটাতে হবে।

এরপর গ্যাসের উনুন থেকে নামিয়ে চালুনি বা ছাঁকনি দিয়ে ছেঁকে নিতে হবে। তারপর ঠান্ডা হতে দিন। ঠান্ডা হলে ওই মিশ্রণে একে একে গ্লিসারিন, শ্যাম্পু বেস, ভিটামিন ই অয়েল আর সুগন্ধী ল্যাভেন্ডার তেল ঢেলে স্টেনলেস স্টিলের হাতা দিয়ে নেড়ে ভালোভাবে মেশাতে হবে।

পুরোপুরি ঠান্ডা হলে বিভিন্ন মাপের শিশি বা বোতলে কাঁপা দিয়ে ঢালবেন। এতে অপচয় হবে না। সবশেষে ওই শিশি বা বোতলের গায়ে আপনার ব্র্যান্ড নেম ও কোম্পানির স্টিকার সেঁটে দিলেই বিক্রির জন্য তৈরি হয়ে যাবে।

এই ভেষজ শ্যাম্পুতে হিবিস্কাস পাউডার আর অ্যালোভেরা জেল দেওয়া হয় মূলত চুলপড়া কমানো, চুলের বাড়তি বৃদ্ধি আর চুলে পুষ্টি জুগিয়ে চুলের গোড়া শক্ত ও মজবুত করার জন্য। এই ২ সামগ্রী চুলে অ্যান্টি-অক্সিডেন্ট আর ময়েশ্চারাইজিং সরবরাহ করে। ফলে এই শ্যাম্পু ব্যবহারের পর আলাদা করে আর হেয়ার কন্ডিশনার ব্যববার করতে হয় না।

### মাসে ২৫০ লিটার ভেষজ শ্যাম্পু তৈরি করলে আয়-ব্যয়ের হিসাব

| | |
|---|---|
| ১। স্থায়ী ব্যয় (যা একবারই করতে হবে) | |
| ক। গ্যাস ওভেন - | ১৫,০০০ টাকা |
| খ। যাবতীয় সরঞ্জাম | ৪,০০০ টাকা |
| | ১৯,০০০ টাকা |
| ২। আবর্তক ব্যয় : | |
| **ক। কাঁচামাল** | |
| (১) ৫ কেজি আমলা - | ৫০০ টাকা |
| (২) ৫ কেজি শিকাকাই - | ১,৫০০ টাকা |
| (৩) ৫ কেজি রিটা ফল - | ১,৭৫০ টাকা |
| (৪) আড়াই কেজি মেথি.- | ৩৭৫ টাকা |
| (৫) ১ কেজি ২৫০ গ্রাম রোজমেরী - | ৩৭৫ টাকা |
| (৬) আড়াই কেজি তিসি - | ১৭৫ টাকা |
| (৭) ২৫ লিটার শ্যাম্পু বেস - | ১১,২৫০ টাকা |
| (৮) ৩৭৫ মিলি লিটার ভিটামিন ই তেল - | ৩৭৫ টাকা |
| (৯) ১৮ লিটার ৭৫০ মিলি লিটার গ্লিসারিন - | ২,৮১২ টাকা ৫০ পয়সা |
| (১০) ৩২৫ মিলি লিটার ল্যাভেন্ডার অয়েল - | ১,১২৫ টাকা |
| (১১) ১ কেজি ২৫০ গ্রাম ভৃঙ্গরাজ - | ৬২ টাকা ৫০ পয়সা |
| (১২) ১ কেজি ২৫০ গ্রাম হিবিস্কাস পাউডার - | ৩৭৫ টাকা |
| (১৩) ১ কেজি ২৫০ গ্রাম অ্যালোভেরা জেল - | ১৫০ টাকা |
| (১৪) ১৭৬ লিটার পরিস্রুত জল - | — |
| খ। ৫০০ মিলি লিটারের ৫০০টি বোতল - | ৭,০০০ টাকা |
| গ। ব্র্যান্ড নেমসহ স্টিকার বাবদ - | ৫,০০০ টাকা |
| ঘ। ১ জন কর্মচারীর মাইনে বাবদ - | ১০,০০০ টাকা |
| ঙ। পরিবহণ ব্যয় বাবদ - | ৫,০০০ টাকা |
| চ। বৈদ্যুতিক ও গ্যাস খরচ বাবদ- | ১,৫০০ টাকা |
| | ৪৯,৩২৫ টাকা |
| ৩। মোট বিনিয়োগ | |
| ক। স্থায়ী ব্যয় - | ১৯,০০০ টাকা |
| খ। আবর্তক ব্যয় - | ৪৯,৩২৫ টাকা |
| | ৬৮,৩২৫ টাকা |

আয় :

৫০০ মিলি লিটারের ৫০০ বোতল বিক্রি বাবদ — ১,০০,০০০ টাকা (২০০ টাকা বোতল দরে)

লাভ : ১,০০,০০০ টাকা – ৪৯,৩২৫ টাকা = ৫০,৬৭৫ টাকা

বাজারে এই ভেষজ শ্যাম্পু ৫০০ টাকা লিটার দরে বিক্রি হয়। ফ্লিপকার্ট বা অ্যামাজনের মাধ্যমে অনলাইনে বিক্রি করতে পারলে সহজেই বাজার ধরতে পারবেন। তবে এজন্য সোশ্যাল মিডিয়ায় প্রচার দরকার। সেজন্য বাড়তি খরচ হবে।

### কোথায় কী পাবেন

১। অ্যালোভেরা জেল পাবেন এই ঠিকানায় : নুভন্যাচারালস প্রাইভেট লিমিটেড, গড়িয়া, কলকাতা। ফোন নং : ০৮০৪৭৬৪০১৮৩। এছাড়া পাবেন কলকাতার লিন্ডসে স্ট্রিটে পুরোনো নিউ মার্কেটের কাছে ৫১ নিউ মার্কেট ওল্ড ব্লকে 'নিউ মোম্মি' দোকানে আর ২৩৩/৩ এ জে সি বোস রোডে লালা লাজপৎ রাই সরণিতে তিওয়ারি সুইটস-এর কাছে 'জাস্ট ফ্লাওয়ার্স' দোকানে।

২। রিটা, আমলা, শিকাকাই, মেথির মতো ভেষজ সব সামগ্রী পাবেন এলাকার দশকর্মা দোকানে বা মুদিখানায়। এছাড়া কলকাতার বড়বাজারে রাজাকাটরায় নানান দোকান পাওয়া যায়।

৩। বোতল বা শিশি পাবেন কলকাতার রাধাবাজার স্ট্রিট ও এজরা স্ট্রিটের বিভিন্ন দোকানে। এখানে ১টি ঠিকানা দিলাম : স্টার ট্রেডিং, ৯ এজরা স্ট্রিট, কলকাতা- ৭০০০০১।

৪। ভিটামিন ই অয়েল, রঙ আর এসেন্স পাবেন কলকাতার বিবাদি বাগ এলাকায় বনফিল্ড লেন, আর্মেনিয়ান স্ট্রিট আর পর্তুগীজ চার্চ স্ট্রিটের বিভিন্ন দোকানে। এখানে ২টি ঠিকানা দিলাম : (১) কাদের বাশা, ১৭ এজরা স্ট্রিট, কলকাতা- ৭০০ ০০১। ফোন নং : ৯৮৩১১ ৩০৫২৬, (২) ইন এসেন্স, ৯ নং এজরা স্ট্রিট। ফোন নং : ০৩৩-২২২৫-৪৩৭০।

৫। শ্যাম্পু বেস ও গ্লিসারিন পাবেন ওই বনফিল্ড লেনেরই বিভিন্ন দোকানে। এখানে ১টি ঠিকানা দিলাম : বিন্দুবাসিনী ট্রেডার্স, ২২ নং বনফিল্ড লেন, কলকাতা-১। ফোন নং : ৮৮২০০ ৭৬২৩৫।

৬। স্টিলের বাসনপত্র স্থানীয়ভাবে কিংবা ক্যানিং স্ট্রিটে বড়বাজার থেকে কিনতে পারেন।

৭। নিজের ব্র্যান্ড নেমে স্টিকার তৈরি করাতে পারবেন কলকাতার শিয়ালদহ স্টেশনের কাছে বৈঠকখানা বাজারে।

আরো বিস্তারিত জানতে ও আনুষঙ্গিক সহযোগিতা পেতে হলে হোয়াটসঅ্যাপে টেক্সট মেসেজ পাঠাতে পারেন এই নম্বরে : ৯১৬৩৫ ৬৩৯২৮। এছাড়া কোনো জিজ্ঞাসা থাকলে হোয়টসঅ্যাপে টেক্সট মেসেজ পাঠাবেন এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।

## এন.ডি.এ অ্যান্ড এন.এ'তে

১ পাতার পর

জন্য আবেদন করতে পারেন।

ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা 'বিমানবাহিনী' (এয়ারফোর্স), 'নৌবাহিনীর (নেভি)' বা, ন্যাভাল অ্যাকাডেমির ১০+২ক্যাডেট এন্ট্রি স্কিমে আবেদন করতে পারেন। ন্যাভাল অ্যাকাডেমিতে শুধুমাত্র ছেলেরা আর আর্মি, নেভি ও এয়ারফোর্সে ছেলেমেয়েরা আবেদন করতে পারবেন। আগামী বছরের উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদন করার যোগ্য।

সব বাহিনীর ক্ষেত্রেই জন্ম-তারিখ হতে হবে ১-১-২০০৭ থেকে ১-১-২০১০'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি (বিমানবাহিনীর বেলায় ১৬২৫ সেমি), বয়স ও উচ্চতার অনুপাতে ৪৫ কেজি থেকে ৬৫ কেজি ওজন। দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় চশমা ছাড়া ৬/৬ বা, ৬/৯ (যা ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য) ও কাছের বেলায় ±৫। এছাড়া লাল ও সবুজ রঙ আলাদাভাবে চেনার ক্ষমতা, স্বাভাবিক শ্রবণশক্তি ও সুস্বাস্থ্য দরকার। দৈহিক ত্রুটি থাকলে আবেদন করার যোগ্য নন। আর্মি, নেভি ও এয়ারফোর্সে ১৫৬তম আর ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমির ১১৮তম কোর্সের ট্রেনিং শুরু ২০২৬ সালের ১ জুলাই।

শূন্যপদ : ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমিতে (১৫৪তম কোর্সে) — ৩৭০টি। এর মধ্যে সেনাবাহিনীতে ২০৮ (ছেলে ১৯৮, মেয়ে ১০), নৌবাহিনীতে ৪২টি (ছেলে ৩৭, মেয়ে ৫), বিমানবাহিনীর ফ্লাইং ব্রাঞ্চে ৯২টি (ছেলে ৯০, মেয়ে ২), গ্রাউন্ড ডিউটি (টেক)-এ ১৮টি (ছেলে ১৬, মেয়ে ২), গ্রাউন্ড ডিউটি (নন-টেক) -১০টি (ছেলে ৮, মেয়ে ২)। ন্যাভাল অ্যাকাডেমিতে (১১৪তম কোর্সে) (১০+২ক্যাডেট এন্ট্রি স্কিম) ৩৬টি (ছেলে ৩২, মেয়ে ৪)। এই পদের বিজ্ঞপ্তি নং : 10/2025-NDA-II, Dated: 28-05-2025.

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (II), ২০২৫'র মাধ্যমে। প্রথমে হবে লিখিত পরীক্ষা, ১৪ সেপ্টেম্বর। পূর্ব-ভারতের এইসব কেন্দ্রে : কলকাতা, শিলিগুড়ি, গ্যাংটক, কটক, দিসপুর (গুয়াহাটি), শিলঙ, জোরহাট, পটনা, আগরতলা ও পোর্ট ব্লেয়ার। মোট ১ দিনের পরীক্ষা। এই পরীক্ষায় থাকবে এই দু'টি পেপার : (১) ৩০০ নম্বরের ম্যাথমেটিক্স (কোড ০১), (২) ৬০০ নম্বরের জেনারেল এবিলিটি টেস্ট (কোড ০২)। প্রতিটি পেপারে থাকবে আড়াই ঘন্টা করে সময়। উত্তর দিতে হবে ও.এম.আর. শীটে। নেগেটিভ মার্কিং আছে। সফল হলে ৯০০ নম্বরের ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্ট হবে। এই টেস্টে থাকবে ভার্বাল ও নন-ভার্বাল প্রশ্ন। এরপর হবে গ্রুপ ডিসকাশন, গ্রুপ প্ল্যানিং, আউটডোর গ্রুপ টাস্ক ও একটি বিশেষ বিষয়ে সংক্ষিপ্ত বক্তৃতা। সফল হলে ৩ বছরের ট্রেনিং। প্রথম আড়াই বছর হবে পুণের 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি'তে। এই ট্রেনিংয়ে সফল হলে দিল্লির জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের বি.এ. বা, বি.এসসি. পাশের সার্টিফিকেট পাবেন। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষা হওয়ার ৩ সপ্তাহ আগে থেকে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.upsc.gov.in

দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ জুন পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://www.upsconline.nic.in অনলাইনে দরখাস্ত করার জন্য প্রথমে পার্ট-ওয়ান ও পরে পার্ট-টু রেজিস্ট্রেশন করতে হবে। দরখাস্ত করার আগে প্রথমে ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। স্ক্যান করা প্রতিটি অংশ ৪০ কে.বি.'র মধ্যে হতে হবে। তবে ফটো ৩ কে.বি. ও সিগনেচার ১ কে.বি.'র নিচে হলে হবে না। এছাড়াও পরীক্ষা ফী বাবদ ১০০ (মহিলা ও তপশিলীদের ফী লাগবে না) টাকা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে বা, ভিসা/মাস্টার কার্ড/ ক্রেডিট কার্ড / ডেবিট কার্ডের মাধ্যমে দিতে পারেন।

## ৩৫,৭২৬ শূন্যপদে নিয়োগ

১ পাতার পর

বেশি সুযোগ পাবেন। সুপ্রিম কোর্টের নির্দেশে বলা হয়েছে, বাতিল হওয়া প্রার্থীদের নিয়োগ করতে হবে ২০১৬ সালের নিয়োগ বিধি অনুযায়ী। কিন্তু স্কুল সার্ভিস কমিশন যে বিজ্ঞপ্তি বের করেছে, সেখানে আগের শূন্যপদের সঙ্গে নতুন শূন্যপদ যোগ করে নতুন বিধি তৈরি করে নিয়োগের বিজ্ঞপ্তি দিয়েছে। সেখানে সুপ্রিম কোর্টের নির্দেশ অগ্রাহ্য করা হয়েছে বলে অভিযোগ। তাই ২০১৬ সালের একাধিক পরীক্ষার্থী স্কুল সার্ভিসের বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ জানিয়ে একাধিক অভিযোগে কলকাতা হাই কোর্টে মামলা করেন।

এই মামলার অন্যতম আইনজীবী ফিরদৌস সামিম ও গোপা বিশ্বাস জানান, এই মামলার জন্য পরীক্ষা হবে না, এমন ভাবা উচিত নয়। সুপ্রিম কোর্টের নির্দেশে স্কুল সার্ভিস কমিশনকে পরীক্ষা নিতেই হবে ও ৩১ ডিসেম্বরের মধ্যে নিয়োগও করতে হবে। রাজ্য সরকার সুপ্রিম কোর্টের নির্দেশকে লঙ্ঘন করার ফলে যে মামলা চলছে, তার রায়ের ওপর নির্ভর করছে পরীক্ষা ২০১৬ সালের বিধি অনুযায়ী হবে না, ২০২৫ সালের বিধি অনুযায়ী হবে? আইনজীবীদের মত, স্কুল সার্ভিস কমিশন নতুন শূন্যপদের জন্য ২০২৫ সালের নিয়োগ বিধি অনুযায়ী পরীক্ষা নিতেই পারে, তাতে কোনো আইনি জটিলতা নেই। তবে চাকরি না পাওয়া শিক্ষক-শিক্ষিকাদের নিয়োগ ২০১৬ সালের নিয়োগ বিধি অনুযায়ীই হওয়া উচিত।

স্কুল শিক্ষা দফতর সূত্রে জানা গেছে, আগের বিজ্ঞপ্তি অনুযায়ী ১৬ জুন থেকে অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হবে ও চলবে ১৪ জুলাই বেলা ৫টা পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.westbengalssc.com প্রসঙ্গত উল্লেখ্য, কোন বিষয়ে ক'টি শূন্যপদ তার তালিকা গত সংখ্যার 'কর্মসংস্থান'এ দেওয়া হয়েছে।

# স্কুল সার্ভিস, কম্বাইন্ড, পুলিশ, 'টেট'এ সফল হওয়ার সেরা প্রতিষ্ঠান 'স্টার এডুকেশন'

**নিজস্ব সংবাদদাতা :** সরকারি চাকরির সেরা প্রতিষ্ঠান 'স্টার এডুকেশন'। এখানে স্কুল সার্ভিস কমিশনের SLST (নবম থেকে দ্বাদশ), স্কুল সার্ভিসের গ্রুপ-সি ও গ্রুপ-ডি, আপার প্রাইমারি 'টেট', প্রাইমারি 'টেট', PSC, SSC, Rail-NTPC, পুলিশ, গ্রুপ-ডি, আর্মি, নীট ও কম্বাইন্ড কোর্সে ভর্তি চলছে। প্রতিটি কোর্সের জন্য অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা ক্লাস করাবেন। উন্নতমানের নোটস ও নিয়মিত মক টেস্টের ব্যবস্থা আছে। বিগত বছরের সাফল্য নজর কাড়ে। এখানকার বহু ছেলেমেয়ে বিভিন্ন সরকারি সংস্থায় চাকরি করছেন। প্রতিটি বিষয়ের জন্য যত্ন সহকারে আলাদা ব্যাচে পড়ানো হয়। আমাদের কৃষ্ণনগর, হাবড়া, মেদিনীপুর ও মালদা শাখা অফিসে নতুন ব্যাচে ভর্তি চলছে। বিস্তারিত জানতে যোগাযোগ করুন এই ঠিকানায় : Star Education, নিউ ব্যারাকপুর রেলওয়ে স্টেশন, নিউ ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা। ফোন : 9832382422.

# জর্জ টেলিগ্রাফের স্কিল ফেয়ার দেখে মুগ্ধ প্লেসমেন্ট আধিকারিকরা




**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** কারিগরি শিক্ষায় শতবর্ষের ঐতিহ্য বহনকারী প্রতিষ্ঠান জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইন্সটিটিউটের শিয়ালদহ মেইন ক্যাম্পাসে ২ দিনের স্কিল ফেয়ার হয় ৩ ও ৪ জুন। উদ্বোধনে ছিলেন জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইন্সটিটিউটের অধ্যক্ষ গোরা দত্ত, প্রতিষ্ঠান ট্রাস্টি ও ম্যানেজিং ডিরেক্টর সুব্রত দত্ত, অতীন্দ্র দত্ত, ডিরেক্টর অতীন দত্ত, গৌরব দত্ত ও অধিরাজ দত্ত। উদ্বোধনের দিন প্লেসমেন্ট ফেয়ারের পোস্টারে আনুষ্ঠানিক উদ্বোধন হয়। জর্জ টেলিগ্রাফের ট্রাস্টি ও ম্যানেজিং ডিরেক্টর সুব্রত দত্ত জানান, '১০৫ বছরের দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইন্সটিটিউট 'শিক্ষার কারখানা'। সারা রাজ্য জুড়ে আমাদের ২১টি কেন্দ্র রয়েছে। নানা বিষয়ের কারিগরি বৃত্তিমূলক প্রশিক্ষণ দেওয়া হয়। আমরা ছাত্রছাত্রীদের জীবন গড়ে দিই। জীবনে সফলতাই শেষ কথা। সফল না হলে কেউ মনে রাখে না। আগে সাফল্যের পথ দেখাই আমরা।' তিনি আরো জানান, 'ছাত্রছাত্রীরা খুব অল্প সময়ে এই স্কিল ফেয়ারে যে গুণমানসম্পন্ন প্রোজেক্ট উপস্থাপনা করেছে তা সত্যিই অভাবনীয়। ওদের উদ্ভাবনী শক্তি, দক্ষতা ও আত্মবিশ্বাস আমাদের গর্বিত করে।' ট্রাস্টি ও ডিরেক্টর অনিন্দ্য দত্ত মন্তব্য করেন, 'স্কিল ফেয়ারের ছাত্রছাত্রীদের এইসব প্রজেক্ট শুধুমাত্র অ্যাসাইনমেন্ট নয় — এগুলো আগামী দিনে উদ্যোগের বীজ। বাস্তব জীবনের সমস্যার সমাধান ছাত্রছাত্রী ১ সপ্তাহে খুঁজে বের করেছে যা সত্যিই প্রশংসনীয়। এই স্কিল ফেয়ারে নানা নামী সংস্থার প্লেসমেন্ট আধিকারিকরা এসেছেন, তাঁদের আগ্রহই প্রমাণ করে ছাত্রছাত্রীদের ভবিষ্যত কতটা সম্ভাবনাময়। স্কিল ফেয়ার ২০২৫ ফের একবার প্রমাণ করল, জর্জ টেলিগ্রাফ ইন্সটিটিউট দেশের ভবিষ্যৎ প্রজন্মকে দক্ষ, আত্মবিশ্বাসী ও কর্মসংস্থান যোগ্য করে তুলতে কতটা প্রতিশ্রুতিবদ্ধ।'

এবারের স্কিল ফেয়ারে জর্জ টেলিগ্রাফের ১৮টি শাখার ৩৬টি প্রোজেক্ট ছিল। এবারের স্কিল ফেয়ারের বিশেষত্ব ছিল প্রতিটি প্রোজেক্ট ছাত্রছাত্রীরা তাঁদের সেমেস্টার পরীক্ষা শেষ হওয়ার মাত্র ১ সপ্তাহের মধ্যেই শেষ করেছেন। স্কিল ফেয়ার ২০২৫-এ অংশ নিয়েছিল এইসব শাখা — ইলেক্ট্রিক্যাল, অটো মোবাইল, স্মার্ট ফোন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলি কমিউনিকেশন, এসি অ্যান্ড রেফ্রিজারেশন, কম্পিউটার হার্ডওয়্যার, কম্পিউটার সফটওয়্যার। এছাড়াও অংশ নিয়েছিল এইসব বিভাগের ছাত্রছাত্রীরা — কমিউনিকেটিভ ইংলিশ, প্যারামেডিক্যাল সায়েন্স, জর্জ টেলিগ্রাফ ইন্সটিটিউট অফ অ্যাকাউন্টস, জর্জ অ্যানিম্যাট্রিক্স ও কলেজ অফ বিউটি অ্যান্ড ওয়েলনেস। নজর কাড়ে এইসব মডেল — ইলেক্ট্রিক্যাল ডিপার্টমেন্টে : MINIATURE MODEL OF ELEVATOR, SCADA BASED HOME AUTOMATION, TESLA CHARGING FOR TESLA, অটোমোবাইল ডিপার্টমেন্টে : HELMISTART, SUNMOTION, ELECTROMAGNET ENGINE WITH HIGH BEAM ASSIST DURING NIGHT DRIVING, স্মার্টফোন ডিপার্টমেন্টে : AQUA INTERVAL TAP, SMART WATER DISPENSER, HOME AUTOMATION, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ডিপার্টমেন্টে : ROBOTIC ARM, SMART ROOM ENTRY, AUTOMATIC CLOTHES DRIER, এসি অ্যান্ড রেফ্রিজারেশন ডিপার্টমেন্টে : PORTABLE INSULIN AND EMERGENCY MEDICINI CARRIER, MOBILE GREEN ENERGY REFRIEGERATOR, SNOW CAFE AND DREAM BED, পার্টিসিপেটিং ডিপার্টমেন্টে : COMMUNICATION ENGLISH, PARAMEDICAL SCIENCE, GEORGE TELEGRAPH INSTITUTE OF ACCOUNTS, GEORGE ANIMATRIX, COLLEGE OF BEAUTY & WELLNESS, কম্পিউটার হার্ডওয়্যার ডিপার্টমেন্টে : WIFI JAMMER WITH WIFI PENETRATION TESTING, PRIVATE VISION, LIFI ENABLE SPEAKER, কম্পিউটার সফটওয়্যার ডিপার্টমেন্টে : LAVISH LIVING, SAHOCHORI, ROOTRISE. এই স্কিল ফেয়ারে ১০০টির বেশি নামি কোম্পানির প্রতিনিধিরা অংশ নেন। নামি সংস্থার মধ্যে ছিল রিলায়েন্স, ডাইকিন, মারুতি, টাটা মোটরস, হুন্ডাই, প্যানাসনিক, উষা ইন্টারন্যাশনাল, হ্যাভেলস, কেন্ট, ওপো, বস প্রভৃতি।

১২ থেকে ১৪ জুন পর্যন্ত এই ক্যাম্পাসে হবে প্লেসমেন্ট ফেয়ার, যেখানে দেশের বিভিন্ন সংস্থা ছাত্রছাত্রীদের সঙ্গে সরাসরি ইন্টারভিউ করে নিয়োগ করবে। তবে স্কিল ফেয়ারে ছাত্রছাত্রীদের কাজ দেখে মুগ্ধ সংস্থাগুলোর অনেকেই এর মধ্যে প্রাথমিকভাবে নিয়োগের প্রস্তাব দিয়েছেন, যা এই স্কিল ফেয়ারের তাৎপর্য আরো বাড়িয়ে তুলেছে।

# কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত কৃষি বিজ্ঞানের কোর্স করে নিশ্চিত চাকরির সুযোগ

## কোর্স শেষের পর শিক্ষার্থীদের সার, বীজ ও কীটনাশকের বিভিন্ন বহুজাতিক সংস্থায়

পশ্চিমবঙ্গে কৃষি বিজ্ঞান ও প্রযুক্তির সমন্বিত শিক্ষার মানচিত্রে এই প্রথম নদিয়া জেলার কল্যাণীতে গড়ে উঠেছে, কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত একটি অত্যাধুনিক বহুমাত্রিক শিক্ষাকেন্দ্র সুশ্রীজ ইনস্টিটিউট অফ অ্যাগ্রিকালচার সায়েন্স, টেকনোলজি অ্যান্ড ম্যানেজমন্ট। এই বহুমাত্রিক শিক্ষাকেন্দ্রে রয়েছে কৃষি ও প্রাণী বিজ্ঞানের একাধিক কর্মমুখী কোর্সসমূহ।

**(A) Department of Agriculture Science :** কৃষি বিজ্ঞান নিয়ে পড়াশোনা করে যারা নিশ্চিত চাকরি পেতে চান তারা কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত ২ বছর সময়সীমার এই কোর্সগুলি করতে পারেন কৃষ্ণনগর ও কল্যাণীতে —

(i) Diploma in Agricultural Science & Management (DASM), যোগ্যতা : যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ। (ii) Post Graduate Diploma in Crop Production & Plant Health Management (PGDCPPHM). যোগ্যতা : যে কোনো শাখায় স্নাতক।

এছাড়া যারা সার, বীজ ও কীটনাশকের সরকারি লাইসেন্স নিয়ে ব্যবসা করতে চান, তারা অবিলম্বে ভর্তি হতে পারেন কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত কৃষিবিজ্ঞানের সব থেকে আকর্ষণীয় কোর্সটিতে — (iii) **Diploma in Agricultural Science for Inpur Dealers (DASI).** সময়সীমা : ১ বছর। যোগ্যতা : মাধ্যমিক পাশ।

**(B) Department of Animal Science :** প্রাণী বিজ্ঞান নিয়ে পড়াশোনা করে যারা নিশ্চিত কর্মসংস্থান পেতে চান বা স্বনির্ভর হতে চান, তারা কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত ২ বছর সময়সীমার এই কোর্সটি করতে পারেন — **(i) Diploma in Veterinary Science & Animal Husbandry (DVSAH).**

ওপরের কোর্সগুলি সাফল্যের সঙ্গে সমাপ্ত করার পর শংসাপত্র দেবে কল্যাণী বিশ্ববিদ্যালয়। পাশ করার পর শিক্ষার্থীদের সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে চাকরির সুযোগ রয়েছে। রয়েছে স্বাধীন ব্যবসার সুযোগ। আশার কথা এই যে প্রতি বছরের মতো এবছরও কোর্স শেষের পর শিক্ষার্থীরা ক্যাম্পাসিংয়ের মাধ্যমে সার, বীজ ও কীটনাশকের বিভিন্ন কোম্পানি ও বহুজাতিক সংস্থায় চাকরি পেয়েছে। এমনকি মাধ্যমিক পাশ বহু বেকার ছাত্রছাত্রী ১ বছরের Diploma in Agriculture Science for Input Dealer (DASI) কোর্সটি করে বিভিন্ন জেলাতে সরকারি লাইসেন্স নিয়ে সার, বীজ ও কীটনাশকের স্বাধীন ব্যবসার মাধ্যমে নিজেদের কর্মসংস্থান সুনিশ্চিত করেছে।

তাই Agriculture Science-এ ডিপ্লোমা ও পি.জি. ডিপ্লোমা কোর্স করে নিশ্চিত চাকরি ও কর্মসংস্থানের লক্ষ্যে কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত Susrijo Institute of Agriculture Science, Technology & Management-এ কৃষি ও প্রাণী বিজ্ঞানের উল্লিখিত কোর্সগুলিতে ভর্তি হতে পারেন।

**সার ও বীজের লাইসেন্সের জন্য রয়েছে বিশ্ববিদ্যালয় অনুমোদিত কোর্স**

**সুযোগ-সুবিধা :** (১) এখানে পাবেন দীর্ঘদিনের কৃষি বিজ্ঞানের অভিজ্ঞ অধ্যাপকদের সান্নিধ্য। (২) এই প্রতিষ্ঠানে রয়েছে বাতানুকূল শ্রেণিকক্ষ-সহ উন্নত পরিকাঠামো ও অত্যাধুনিক ল্যাবরেটরি। আছে Free Wifi-এর সুবিধা। (৩) এখানে রয়েছে প্রি-প্লেসমেন্ট ট্রেনিংয়ের ব্যবস্থা যা শিক্ষার্থীদেরকে আত্মবিশ্বাস ও জ্ঞানের সঙ্গে ইন্টারভিউতে উপস্থিত হওয়ার জন্য প্রস্তুত করে থাকে। (৪) এছাড়া রয়েছে রেজাল্টের নম্বরের ভিত্তিতে স্কলারশিপের সুবিধা। (৫) কৃষিবিজ্ঞানের ওপরের ২টি কোর্সের জন্য রয়েছে ১০০% চাকরির নিশ্চয়তা। (৬) রয়েছে বিভিন্ন সরকারি স্কলারশিপের সুবিধা (৭) রয়েছে সার বীজ ও কীটনাশকের সরকারি লাইসেন্স নিয়ে ব্যবসার করার সুযোগ। ওপরের সমস্ত কোর্সের ভর্তি চলছে। আসন সংখ্যা সীমিত। পশ্চিমবঙ্গ সরকারের সহায়তায় ও কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত এই শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীরা স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে এডুকেশন লোনের সুবিধা পাবে। দূরবর্তী ছাত্রছাত্রীদের জন্য রয়েছে আলাদা হোস্টেলের সুবিধা। ভর্তি হতে যোগাযোগ করুন : মেইন ক্যাম্পাস : Webel IT Park (IT & E Department, Govt. of West Bengal), চারগেট (কোম্পানি বাগানের নিকট), পোস্ট - কৃষ্ণনগর, জেলা : নদিয়া, পিন : ৭৪১১০১। ফোন : ৭২৭৮৭৩৫২২৪, ৮৬১৭৭৫৪৭১১।

কল্যাণী স্টাডি সেন্টার : বি-১৫/৫৪, ওয়ার্ড নং - ১২, পোস্ট ও থানা : কল্যাণী, নদিয়া, পিন : ৭৪১২৩৫। ফোন : ৭২৭৮৭৩৫২২৪, ৮৬১৭৭৫৪৭১১ (ওয়েবসাইট : www.siastm.org)

# জেলায় জেলায় কেরিয়ার ফেয়ার

১ পাতার পর

কোথায় ইঞ্জিনিয়ারিং বা, ডাক্তারি কোর্স পড়ানো হয় কিংবা পেশাদার কোর্স যেমন, প্যারা মেডিক্যাল কোর্স, নার্সিং, হোটেল ও হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স, হসপিটালিটি ম্যানেজমেন্ট, আই.টি.আই, ডিপ্লোমা, বি.বি.এ., বি.সি.এ., হসপিটাল ম্যানেজমেন্ট, অ্যাভিয়েশন, অ্যানিমেশন, কোডিং, ওয়েব ডিজাইনিং, সফটওয়্যার টেস্টিং, ডিজিটাল মার্কেটিং, ডেটা অ্যানালিটিক্স, ইউ.আই / ইউ. এক্স ডিজাইন, অ্যাগ্রিকালচার, সফটস্কিল সংক্রান্ত ইত্যাদি কোর্স পড়ানো হয়, এইসব কোর্সের ভবিষ্যতই-বা কেমন ইত্যাদি বিষয় নিয়ে সরাসরি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও কলেজ কর্তৃপক্ষর সঙ্গে কথা বলতে 'কেরিয়ার ফেয়ার'এর ব্যবস্থা হয়েছে। সারা দেশে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের চাকরির প্রেক্ষাপট কীভাবে বদলাচ্ছে, কোন-কোন ক্ষেত্রে চাকরির সুযোগ বাড়ছে, আগামী দিনে কোন-কোন চাকরি আপনার উন্নতির সোপান হয়ে উঠবে — আর সেজন্য কীভাবে নিজেকে তৈরি করে নিতে হবে, তার-ই গাইডেন্স পাবেন এই 'কেরিয়ার ফেয়ার' থেকে।

**কর্মসংস্থান** ও **Appointment & Career News**-এর উদ্যোগে ১৩ ও ১৪ জুন, শুক্র ও শনিবার কোচবিহার জেলার কোচবিহার শহরের খাগরাবাড়ি অঞ্চলে সিটি মলের গিরিজা ব্যাঙ্কোয়েটে এই 'কেরিয়ার ফেয়ার' হচ্ছে। উপস্থাপনায় 'সুখবর' দৈনিক পত্রিকা। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে বিশেষজ্ঞরা জানাবেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা ডিগ্রি কোর্স পাশ করার পর কোন কোন সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, কীভাবে ওইসব পরীক্ষায় সফল হওয়া যায়। পাশাপাশি বাজারের চাহিদা অনুযায়ী কোন কোন পেশাদার বা বৃত্তিমূলক কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়া যায়, কোথায় কীভাবে উজ্জ্বল কেরিয়ার গড়া যায়, কোর্স পড়ার জন্য কীভাবে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন — এইসব নানা জরুরি পরামর্শ দিতে থাকছেন নানা শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থার প্রধানরা। থাকছে রাজ্য ও দেশের প্রথম সারির ডিগ্রি, ডিপ্লোমা, আই.টি.আই., নার্সিং, প্যারামেডিক্যাল, ফার্মাসিউটিক্যাল, অ্যাগ্রিকালচার-সহ অন্যান্য টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল কলেজ আর সরকারি চাকরির কোচিং ইনস্টিটিউটের আউটলেট। এছাড়াও থাকবে বিভিন্ন পেশাগত কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার কোচিং কোথায় পড়ানো হয়। বিনা খরচায় এমন সুবর্ণ সুযোগ আর মিলবে না। ২ দিনের এই কেরিয়ার ফেয়ারে যে কেউ আসতে পারেন। কোনো প্রবেশ-মূল্য নেই। উপরন্তু থাকছে ফ্রি গিফট ও টিফিনের ব্যবস্থা। এখনই আগাম নাম নথিভুক্ত করার জন্য আর এই কেরিয়ার ফেয়ার নিয়ে বিশদে জানতে **ফোন করুন** এই নম্বরে : ৬২৯১৬৮৪৯৪৩।

এই কেরিয়ার ফেয়ারে 'কর্মসংস্থান' পত্রিকা, 'সাফল্য' পত্রিকা, 'Appointment & Career News' ও দৈনিক 'সুখবর' পত্রিকার স্টল থাকবে। কেরিয়ার সংক্রান্ত কোনো জিজ্ঞাসা থাকলে সরাসরি আমাদের স্টল থেকে জানতে পারবেন।

**১৩ ও ১৪ জুন কোচবিহারে অনুষ্ঠিত 'কেরিয়ার ফেয়ার'এ রাজ্য ও দেশের এইসব বিশ্ববিদ্যালয়, কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে :** (১) ন্যাশনাল কম্পিউটার স্বাক্ষরতা মিশন (টাইটেল স্পন্সর্ড)। এছাড়াও সহযোগী পার্টনার হিসাবে থাকছে এইসব শিক্ষা প্রতিষ্ঠান : (২) চিৎকারা ইউনিভার্সিটি, চন্ডীগড়, (৩) পারুল ইউনিভার্সিটি, (৪) আই.টি.এম. ইউনিভার্সিটি, গোয়ালিয়র, (৫) রাইস এডুকেশন, (৬) জে.আই.এস গ্রুপ, (৩) অ্যাডামাস ইউনিভার্সিটি, (৭) দ্য জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট (জি.টি.টি.আই.), (৮) জর্জ স্কুল অফ কম্পিটিটিভ এক্সাম (জি.এস.সি.ই. ডিজিটাল), (৯) সীকম স্কিল ইউনিভার্সিটি, (১০) ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ প্যাকেজিং, (১১) এম.সি.কে.ভি. ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং, (১২) চুঁচুড়া গ্রুপ অফ কলেজেস, (১৩) ক্যামেলিয়া ইনস্টিটিউট অফ টেকনোলজি, (১৪) ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট স্টাডিজ, (১৫) কলেজ অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট কোলাঘাট, (১৬) ক্যালকাটা ইনস্টিটিউট অফ টেকনোলজি, (১৭) সুভাষ বোস ইনস্টিটিউট অফ হোটেল ম্যানেজমেন্ট, (১৮) টেগোর স্কুল অফ রুরাল ডেভেলপমেন্ট অ্যান্ড অ্যাগ্রিকালচার ম্যানেজমেন্ট, (১৯) দ্য ইনস্টিটিউট অফ এডুকেশন ম্যানেজমেন্ট, (২০) ভিশন ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি (VIMT), (২১) সেভেন রেঞ্জার্স ইনস্টিটিউট অফ নার্সিং, (২২) সেন্ট্রাল ইনস্টিটিউট অফ হোটেল অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট কলেজ (সি.আই.এইচ.এম.), (২৩) প্যারামেডিক্যাল কলেজ, দুর্গাপুর, (২৪) আইডিয়াল ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড আইডিয়াল ইনস্টিটিউট অফ নার্সিং, (২৫) ড. বি.সি. রায় ইঞ্জিনিয়ারিং কলেজ অ্যান্ড গ্রুপ অফ ইনস্টিটিউটশন্স, দুর্গাপুর, (২৬) বজবজ ইনস্টিটিউট অফ টেকনোলজি, (২৭) ডুয়ার্স অ্যাকাডেমি অফ টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট, (২৮) রিজেন্ট এডুকেশন অ্যান্ড রিসার্চ ফাউন্ডেশন (রিজেন্ট গ্রুপ), (২৯) গুরুকুল ইনস্টিটিউট অফ নার্সিং, (৩০) মেরিনা ইনস্টিটিউট অফ নার্সিং, (৩১) ল' পয়েন্ট (৩২) প্রগতি নার্সিং কলেজ অ্যান্ড স্কুল, (৩৩) কল্যাণী রিলায়েবল (৩৪) সুশ্রীজো ইনস্টিটিউট অফ প্যারামেডিক্যাল অ্যান্ড অ্যাগ্রিকালচারাল সায়েন্স টেকনোলজি অ্যান্ড ম্যানেজমেন্ট, (৩৫) নিবেদিতা নার্সিং ইনস্টিটিউট, (৩৬) তরাই নার্সিং ইনস্টিটিউট, (৩৭) মথুরা নাথ মেমোরিয়াল নার্সিং ইনস্টিটিউশন, (৩৮) শিলিগুড়ি ইনস্টিটিউট অফ নার্সিং, (৩৯) অ্যাসেন্ট এডুকেশন।

গত সপ্তাহের পর

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

২৯ মার্চ : ভারতীয়-মার্কিনি বিজ্ঞানী জয় ভট্টাচার্য'কে 'ন্যাশনাল ইনস্টিটিউটস অফ হেলথ'এর ডিরেক্টর হিসাবে অনুমোদন দিল মার্কিন সেনেট।

□ 'ইউনাইটেড ওয়ার্ল্ড রেসলিং' এশিয়ার ব্যুরো সদস্য হিসাবে নির্বাচিত হলেন 'রেসলিং ফেডারেশন অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট সঞ্জয় সিং।

□ বাচ্চাদের জন্য ভারতীয় ছড়া ও কবিতা সংরক্ষণ আর তা প্রচারের জন্য, 'বালপান কি কবিতা' উদ্যোগ চালু করল কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের অধীন 'স্কুল শিক্ষা ও সাক্ষরতা বিভাগ'। এই উদ্যোগটি 'জাতীয় শিক্ষা নীতি-২০২০'র দৃষ্টিভঙ্গীর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ, যেখানে প্রাথমিক শিক্ষায় শৈশব শিক্ষা, বহুভাষিকতা ও সাংস্কৃতিক প্রাসঙ্গিকতার ওপর জোর দেওয়া হয়েছে। 'বালপান কি কবিতা' উদ্যোগের লক্ষ্য হল, ইংরিজি-সহ একাধিক ভারতীয় ভাষায় নার্সারি ছড়া ও কবিতার একটি সংকলন তৈরি করা, যা ভারতীয় সংস্কৃতি ও ঐতিহ্যের সঙ্গে গভীরভাবে জড়িত। এর ফলে, বাচ্চারা প্রাসঙ্গিক ও সহজে বোধগম্য কবিতার মাধ্যমে তাদের চারপাশের পরিবেশ আরও ভালোভাবে বুঝতে পারবে।



এবছর গণিতের জন্য, 'অ্যাবেল পুরস্কার' পেলেন জাপানি গণিতবিদ মাসাকি কাশিওয়ারা। বীজগণিত বিশ্লেষণ ও প্রতিনিধিত্ব তত্ত্বে ব্যতিক্রমী অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। বিশেষত, ডি-মডিউল তত্ত্বের বিকাশ ও ক্রিস্টাল বেসেস আবিষ্কারে তাঁর অবদান আধুনিক গণিতকে গভীরভাবে প্রভাবিত করেছে। প্রসঙ্গত উল্লেখ্য, গণিতে অগ্রণী সাফল্যের স্বীকৃতি হিসাবে 'নরওয়েজিয়ান আকাদেমি অফ সায়েন্স অ্যান্ড লেটারস'এর তরফ থেকে এই পুরস্কার দেওয়া হয়। নরওয়েজিয়ান গণিতবিদ নিলস হেনরিক অ্যাবেল'এর (১৮০২-১৮২৯) নামে এই পুরস্কারের নামকরণ করা হয়েছে। এই পুরস্কারটি 'গণিতের নোবেল পুরস্কার' হিসাবেও পরিচিত।

□ ভারতীয় চা বোর্ডের তথ্য অনুযায়ী, ২০২৪ সালে শ্রীলঙ্কাকে ছাড়িয়ে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম চা রফতানিকারক দেশে পরিণত হল ভারত। ২০২৪ সালে ভারত ২৫৪ মিলিয়ন কেজি চা রফতানি করেছে, যা ২০২৩ সালে ২৩১ মিলিয়ন কেজি রফতানির তুলনায় ১০% বেশি। চা রফতানিতে বিশ্বে শীর্ষ স্থান ধরে রেখেছে কেনিয়া, যারা ২০২৪ সালে ৫০০ মিলিয়ন কেজির বেশি চা রফতানি করেছে। ২০২৩ সালে ভারত ও শ্রীলঙ্কা প্রায় সমান পরিমাণ চা রফতানি করেছিল। কিন্তু ২০২৪ সালে ভারত ২৪ মিলিয়ন কেজি বেশি চা রফতানি করে শ্রীলঙ্কাকে ছাড়িয়ে গেছে। প্রসঙ্গত উল্লেখ্য, ভারত ২৫টিরও বেশি দেশে চা রফতানি করে, যার মধ্যে প্রধান হল - সংযুক্ত আরব আমিরশাহী, ইরাক, ইরান, রাশিয়া, মার্কিন যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্য।

### বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

৩০ মার্চ : প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা পরিষদের পূর্ণকালীন সদস্য হিসাবে নিযুক্ত হলেন সঞ্জয় কুমার মিশ্র।

□ অপপ্রচার, ভুয়ো তথ্য, হিংসাত্মক মন্তব্য ও পর্নোগ্রাফি রুখতে, সামাজিক যোগাযোগমাধ্যম 'ফেসবুক' নিষিদ্ধ করল পাপুয়া নিউ গিনি। দেশটির সরকারের তরফ থেকে জানানো হয়েছে, আপাতত পরীক্ষামূলকভাবে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, পাপুয়া নিউ গিনিতে সবথেকে জনপ্রিয় সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম হল 'ফেসবুক'। দেশটিতে আনুমানিক ১৩ লাখ ফেসবুক ব্যবহারকারী রয়েছেন, যার মধ্যে অনেকে ফেসবুকের মাধ্যমে ছোট ব্যবসাও করেন।

□ দেশের মধ্যে প্রথম 'বরফের চিড়িয়াখানা' হচ্ছে দার্জিলিংয়ে অবস্থিত 'পদ্মজা নাইডু হিমালয়ান জুলজিক্যাল পার্ক'। যেখানে সংরক্ষিত থাকবে হিমালয়ান বন্যজন্তুর ডিএনএ। স্টিলের ট্যাঙ্কে তরল নাইট্রোজেনে ১৯৬ ডিগ্রি সেন্টিগ্রেডে ডিএনএ সংরক্ষিত করা হবে। চিড়িয়াখানা কর্তৃপক্ষ ও হায়দরাবাদে অবস্থিত 'সেন্টার ফর সেলুলার অ্যান্ড মলিকিউলার বায়োলজি'র যৌথ উদ্যোগে এটি বাস্তবায়িত হচ্ছে।

□ ১০০ দিনের 'যক্ষ্মা মুক্ত ভারত অভিযান' প্রচারাভিযানের অধীনে, NAAT (নিউক্লিক অ্যাসিড অ্যামপ্লিফিকেশন টেস্ট) পরীক্ষায় সেরা জাতীয় পারফরম্যান্স পুরস্কার পেল তেলেঙ্গানা। ২৪ মার্চ, নয়াদিল্লিতে 'বিশ্ব যক্ষ্মা দিবস'এ কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জে.পি.নাড্ডা এই পুরস্কার দিয়েছেন। ৯টি যক্ষ্মা আক্রান্ত জেলায় ১০০ শতাংশেরও বেশি স্ক্রিনিং অর্জন করেছে তেলেঙ্গানা, যেখানে ৪,৬০০-এরও বেশি নতুন যক্ষ্মা রোগী শনাক্ত করা হয়েছে।

৩১ মার্চ : প্রথম ভারতীয় মহিলা হিসাবে, এবছর 'হারুন গ্লোবাল রিচ লিস্ট'এ শীর্ষ ১০ ধনী মহিলাদের তালিকায় জায়গা করে নিলেন 'এইচসিএল টেকনোলজিস'এর চেয়ারপার্সন রোশনি নাদার মলহোত্রা। এই তালিকায় তাঁর স্থান পঞ্চম। তাঁর সম্পত্তির পরিমাণ সাড়ে ৩ লাখ কোটি টাকা। 'এইচসিএল টেকনোলজিস'এর ৪৭% শেয়ার তাঁর বাবা শিব নাদার'এর কাছ থেকে পাওয়ার পর বিশ্বের পঞ্চম ধনী মহিলার শিরোপা পেয়েছেন রোশনি। অন্যদিকে, 'হারুন গ্লোবাল রিচ লিস্ট ২০২৫'এর তথ্য অনুসারে, 'টেসলা'র সিইও এলন মাস্ক হলেন বিশ্বের সর্বাধিক ধনী ব্যক্তি। তাঁর সম্পত্তির পরিমাণ ৮২% বেড়েছে। এখন তাঁর সম্পত্তির পরিমাণ ৪২০ বিলিয়ন ডলার। 'রিলায়েন্স' কর্তা মুকেশ আম্বানি'র পরিবারের বর্তমান সম্পত্তির পরিমাণ ৮.৬ লাখ কোটি টাকা। আগের বছরের তুলনায় ১ লাখ কোটি টাকা কমেছে তাঁর সম্পত্তি, যা প্রায় ১৩%।

□ এবছর জর্ডানের আম্মানে, 'এশিয়ান কুস্তি চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের ৬২ কেজি বিভাগে সোনার পদক পেলেন ভারতীয় কুস্তিগির মনীষা ভানওয়ালা। কোরিয়ার ওকে জে.কিম'কে ৮-৭ ব্যবধানে হারিয়ে, এই খেতাব অর্জন করেন তিনি।

১ এপ্রিল : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী'র প্রাইভেট সেক্রেটারি হিসাবে নিযুক্ত হলেন নিধি তিওয়ারি।

□ বিশ্বের শীর্ষ দুধ উৎপাদনকারী দেশে পরিণত হল ভারত। এখন দেশের মোট দুধ উৎপাদন ২৩৯ মিলিয়ন মেট্রিক টন। কেন্দ্রীয় পশুপালন ও দুগ্ধমন্ত্রী রাজীব রঞ্জন সিং লোকসভায় এই তথ্য জানিয়েছেন। তিনি জানিয়েছেন, আগামী ৫ বছরে দুধ উৎপাদন ৩০০ মিলিয়ন মেট্রিক টন বাড়ানোর লক্ষ্যমাত্রা নিয়েছে ভারত। তিনি আরও জানান, ২০১৪ সালে কেন্দ্রীয় সরকার 'রাষ্ট্রীয় গোকুল মিশন' চালু করার পর থেকে দেশে দুধ উৎপাদন ৬৩.৫% বেড়েছে ও আগামী ৩ বছরে তা আরও ১৫% বাড়বে বলে মনে করছে সরকার। প্রসঙ্গত উল্লেখ্য, বিশ্বব্যাপী দুধ উৎপাদনে ভারতের অবদান ২৪ শতাংশেরও বেশি। ভারতে মাথাপিছু দুধের ব্যবহার প্রতিদিন ৪৭১ গ্রাম, যা বিশ্ব গড়ের তুলনায় উল্লেখযোগ্যভাবে বেশি।

□ সম্প্রতি শনি গ্রহের চারপাশে আরও ১২৮টি নতুন চাঁদের খোঁজ পেলেন বিজ্ঞানীরা। এই আবিষ্কারকে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দিয়েছে 'আন্তর্জাতিক জ্যোতির্বিজ্ঞান সংস্থা'। ফলে, এখন শনির মোট চাঁদের সংখ্যা দাঁড়িয়েছে ২৭৪টি। শনি গ্রহ ছাড়া আর কোনো গ্রহের ১০০টি চাঁদ নেই। তাইওয়ানের তাইপেতে অবস্থিত আকাদেমিয়া সিনিকার জ্যোতির্বিজ্ঞানী এডওয়ার্ড অ্যাশটন ও তাঁর সহকর্মীরা কানাডা-ফ্রান্স-হাওয়াই টেলিস্কোপ ব্যবহার করে শনির চারপাশে এই নতুন চাঁদগুলি শনাক্ত করেছেন। নতুন আবিষ্কৃত চাঁদগুলি পৃথিবীর চাঁদের মতো বড় ও গোলাকার নয়। এগুলির আকার মাত্র কয়েক কিলোমিটার। দেখতেও আমাদের চাঁদের মতো সুন্দর নয়। এগুলি অমসৃণ ও 'অনিয়মিত চাঁদ'।

□ এবছর মার্কিন যুক্তরাষ্ট্রের 'ইয়েল বিশ্ববিদ্যালয়'এর তরফ থেকে, 'নন-ফিকশন' বিভাগে 'উইন্ডহ্যাম ক্যাম্পবেল পুরস্কার'এর জন্য নির্বাচিত হলেন ভারতীয় বংশোদ্ভূত ব্রিটিশ লেখক রানা দাশগুপ্ত। তাঁর লেখা 'Capital: A Portrait of Twenty-First Century Delhi' বইতে প্রদর্শিত বিশ্বব্যাপী অতি-পুঁজিবাদ, শিল্পায়ন, রাজনীতি ও শ্রেণি বিষয়ে গভীর সমালোচনার জন্য এই পুরস্কার পাচ্ছেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, রানা দাশগুপ্ত-সহ বিশ্বব্যাপী মোট ৮ জন ব্যক্তিত্ব এবছর এই পুরস্কার পাচ্ছেন। পুরস্কার মূল্য হিসাবে প্রতি বিজয়ী ১,৭৫,০০০ মার্কিন ডলার পাবেন।

□ উজবেক-ই-স্তানের তাসখন্দে, 'তাসখন্দ ওপন আগজামভ মেমোরিয়াল দাবা টুর্নামেন্ট'এর শিরোপা জিতলেন ভারতের নিহাল সারিন। ১০'এর মধ্যে ৮ পয়েন্ট নিয়ে এই শিরোপা জিতলেন তিনি। এর ফলে, ৭.১ ইএলও রেটিং পয়েন্ট পেয়েছেন নিহাল। সেইসঙ্গে তাঁর লাইভ রেটিং হয়েছে ২,৬৯৪।

২ এপ্রিল : বিখ্যাত ইতিহাসবিদ ও প্রত্নতত্ত্ববিদ মাইনা স্বামী'কে মর্যাদাপূর্ণ 'উগাদি পুরস্কার'এর জন্য নির্বাচন করল আন্ধ্রা প্রদেশ সরকার। ঐতিহাসিক গবেষণা ও সমাজসেবায় অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার প্যাবেন তিনি। বিজয়ওয়াড়ায় এক বিশেষ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী এন.চন্দ্রবাবু নাইডু এই পুরস্কার দেবেন। প্রসঙ্গত উল্লেখ্য, উগাদি পুরস্কার হল আন্ধ্রা প্রদেশ সরকারের তরফ থেকে বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখা ব্যক্তিদের দেওয়া সবথেকে মর্যাদাপূর্ণ স্বীকৃতিগুলির মধ্যে একটি।

□ এবছর 'হারুন গ্লোবাল ধনী তালিকা'য় তৃতীয় স্থান পেল ভারত। দেশে এখন ২৮৪ জন কোটিপতি আছেন। এই তালিকায় প্রথম ও দ্বিতীয় স্থানে আছে যথাক্রমে মার্কিন যুক্তরাষ্ট্র (৮৭০ জন) ও চিন (৮২৩ জন)। যদিও, এবছর ২৭ জন কোটিপতি তালিকা থেকে বাদ পড়েছেন, তারপরও ভারত ১৩ জন নতুন কোটিপতির নাম তালিকায় যোগ করতে পেরেছে। এর ফলে, যুক্তরাজ্য (১৫০ জন), জার্মানি (১৪১ জন) ও সুইৎজারল্যান্ডের (১১৬ জন) মতো বড় অর্থনীতির দেশগুলিকে পিছনে ফেলেছে ভারত। মুকেশ আম্বানি দেশের সবথেকে ধনী ব্যক্তি হিসাবে অবস্থান ধরে রেখেছেন, যদিও তাঁর সম্পদ থেকে ১ লাখ কোটি টাকা ক্ষতি হয়েছে ও তাঁর মোট সম্পদ দাঁড়িয়েছে ৮.৬ লাখ কোটি টাকায়।

৩ এপ্রিল : প্রথম আফ্রিকান মহিলা হিসাবে, কমনওয়েলথ অফ নেশনস'এর সেক্রেটারি-জেনারেল হিসাবে নিযুক্ত হলেন শার্লি বচওয়ে।

□ উজ্জয়িনীর 'বিক্রম বিশ্ববিদ্যালয়'এর নাম বদল করে মধ্য ভারতের বিখ্যাত প্রাচীন শাসক সম্রাট বিক্রমাদিত্যের নামানুসারে 'সম্রাট বিক্রমাদিত্য বিশ্ববিদ্যালয়' রাখল মধ্য প্রদেশ সরকার। বিশ্ববিদ্যালয়ের ২৯ তম সমাবর্তন অনুষ্ঠানে রাজ্যের মুখ্যমন্ত্রী মোহন যাদব এই নাম বদল করেছেন। তিনি জানান, প্রতিষ্ঠানের নামকরণ সম্পর্কে স্পষ্টতা নিশ্চিত করার জন্য এই পরিবর্তন আনা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, মধ্য প্রদেশ রাজ্য গঠিত হওয়ার ১ বছর পর, ১৯৫৭ সালের ১ মার্চ বিশ্ববিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়।

□ হিমাচল প্রদেশকে হারিয়ে, ৪৭তম 'ন্যাশনাল জুনিয়র গার্লস হ্যান্ডবল চ্যাম্পিয়নশিপ' জিতল উত্তর প্রদেশ।

এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## কয়েকশো লেকচারার

১ পাতার পর

কোর্সে ভরতির' জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন আর বৈজ্ঞানিক ও শিল্প সংক্রান্ত গবেষণা সংসদ (CSIR-UGC Test) 'ন্যাশনাল এলিজিবিলিটি টেস্ট বা, 'NET-June-2025' পরীক্ষার জন্য দরখাস্ত নিচ্ছে।

বি.এস. (৪ বছর), বি.ই. /বি.টেক./ বি. ফার্মা / এম.বি.বি.এস. / বি.এসসি. (অনার্স) / ইন্টিগ্রেটেড বি.এস.-এম.এস. পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, শারীরিক প্রতিবন্ধী, দৃষ্টিহীন প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ভৌত বিজ্ঞান, জীব বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, গাণিতিক বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং সায়েন্স, আর্থ, অ্যাটমোস্ফিয়ারিক, ওশান ও প্ল্যানেটরি সায়েন্স বিষয় নিয়ে এম. এসসি. কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, শারীরিক প্রতিবন্ধী, দৃষ্টিহীন প্রতিবন্ধী ও ডক্টরেট ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীরা ১৯-৯-১৯৯১'এর আগে মাস্টার ডিগ্রি করে থাকলে ৫০%) নম্বর থাকলে আবেদন করতে পারেন। যাঁরা এবছর ওইসব শাখার এম.এসসি. বা, সমতুল কোর্সের ফাইনাল পরীক্ষা দিচ্ছেন, তাঁরাও আবেদনের যোগ্য। জুনিয়র রিসার্চ ফেলোশিপের পরীক্ষার বেলায় বয়স হতে হবে ১-৭-২০২৫'র হিসাবে ৩০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি., শারীরিক প্রতিবন্ধী ও মেয়েরা বয়সে ৫ বছর ছাড় পাবেন। তবে লেকচারারশিপ / অ্যাসিস্ট্যান্ট প্রফেসর ও পিএইচ.ডি. কোর্সে ভরতির জন্য বয়সের কোনো কড়াকড়ি নেই। এই পরীক্ষায় পাশ করলে সরাসরি অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের জন্য আবেদন করতে পারবেন বা, মাসিক স্টাইপেন্ড নিয়ে জুনিয়র রিসার্চ ফেলোশিপ নিয়ে পড়াশোনা চালাতে পারবেন। জুনিয়র রিসার্চ ফেলোশিপের বেলায় প্রথম ২ বছর স্টাইপেন্ড পাবেন মাসে ৩১,০০০ টাকা। এছাড়াও বার্ষিক অনুদান পাবেন ২০,০০০ টাকা। ২ বছর পর পিএইচ.ডি. হিসাবে নাম নথিভুক্ত করে থাকলে তখন সিনিয়র রিসার্চ ফেলোশিপ হিসাবে মাসে ৩৫,০০০ টাকা স্টাইপেন্ড পাবেন।

ফেলোশিপের জন্য যাঁরা এইপরীক্ষায় পাশ করবেন, তাঁরা অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের যোগ্যতা পাবেন। আর অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের পরীক্ষায় পাশ করলে জুনিয়র ফেলোশিপের যোগ্যতা পাবেন।

প্রার্থী বাছাই করবে 'ন্যাশনাল টেস্টিং এজেন্সি (এন.টি.এ.)'। ২০২৫ সালের এই 'নেট' পরীক্ষা হবে সি.বি.টি. মোডে। পরীক্ষা হবে ২৬, ২৭ ও ২৮ জুলাই। প্রথম শিফটের পরীক্ষা হবে ৯টা থেকে ১২টা ও দ্বিতীয় শিফটের পরীক্ষা হবে ৩টা থেকে ৬টা। পূর্ব ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, শিলিগুড়ি, কল্যাণী, হাওড়া, হুগলি, দুর্গাপুর, বর্ধমান, আসানসোল, গুয়াহাটি, জামশেদপুর ও ভুবনেশ্বরে।

এই পরীক্ষায় থাকবে ৩টি পার্ট। ৩ ঘন্টার ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে (ব্রাকেটে সাবজেক্ট কোড দেওয়া হল) : (১) কেমিক্যাল সায়েন্স (সাবজেক্ট কোড ৭০১), (২) আর্থ, অ্যাটমোস্ফিয়ারিক, ওশান ও প্ল্যানেটরি সায়েন্স (সাবজেক্ট কোড ৭০২), (৩) লাইফ সায়েন্স (সাবজেক্ট কোড ৭০৩), (৪) ম্যাথমেটিক্যাল সায়েন্স (সাবজেক্ট কোড ৭০৪), (৫) ফিজিক্যাল সায়েন্স (সাবজেক্ট কোড ৭০৫)।

প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দি ভাষায়। প্রশ্নপত্র হবে ৩টি পার্টে। পার্ট-এ'তে থাকবে এইসব বিষয় : জেনারেল অ্যাপ্টিটিউড, লজিক্যাল রিজনিং, গ্রাফিক্যাল অ্যানালাইসিস, অ্যানালিটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, কোয়ান্টিটেটিভ কম্পারিজন, সিরিজ ফর্মেশন, পাজল ইত্যাদি।

পার্ট-বি'তে থাকবে বিষয়ভিত্তিক মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন। পার্ট-সি'তে থাকবে সায়েন্টিফিক কনসেপ্ট বিষয়ের জ্ঞান ও প্রয়োগ।

প্রথম ও দ্বিতীয় পার্টে প্রতিটি প্রশ্নের মান থাকবে ২ নম্বর আর তৃতীয় পার্টে প্রতিটি প্রশ্নের মান থাকবে ৪ নম্বর। প্রথম ও দ্বিতীয় পার্টে প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.৫ নম্বর কাটা যাবে। তৃতীয় পার্টে প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা যাবে।

**কেমিক্যাল সায়েন্সের বেলায়** প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ৪০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ৩৫টি, তৃতীয় পার্টে ৬০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২৫টি অর্থাৎ, মোট ১২০টি প্রশ্নের মধ্যে ৭৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

**আর্থ, অ্যাটমোস্ফিয়ারিক, ওশান ও প্ল্যানেটরি সায়েন্সের বেলায়** প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ৫০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ৩৫টি, তৃতীয় পার্টে ৮০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২৫টি অর্থাৎ, মোট ১৫০টি প্রশ্নের মধ্যে ৭৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

**লাইফ সায়েন্সের বেলায়** প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ৫০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ৩৫টি, তৃতীয় পার্টে ৭৫টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২৫টি অর্থাৎ, মোট ১৪৫টি প্রশ্নের মধ্যে ৭৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

**ম্যাথমেটিক্যাল সায়েন্সের বেলায়** প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ৪০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২৫টি, তৃতীয় পার্টে ৬০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২০টি অর্থাৎ, মোট ১২০টি প্রশ্নের মধ্যে ৬০টি প্রশ্নের উত্তর দিতে হবে।

**ফিজিক্যাল সায়েন্সের বেলায়** প্রথম পার্টে ২০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ১৫টি, দ্বিতীয় পার্টে ২৫টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২০টি, তৃতীয় পার্টে ৩০টি প্রশ্নের মধ্যে সর্বোচ্চ ২০টি অর্থাৎ, মোট ৭৫টি প্রশ্নের মধ্যে ৫৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৩ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : www.csirnet.nta.ac.in, www.nta.ac.in অনলাইনে দরখাস্ত করার আগে পাশপোর্ট মাপের ফটো (১০ থেকে ২০০ কেবির মধ্যে) ও সিগনেচার (৪ থেকে ৩০ কেবির মধ্যে) 'JPEG Format'এ স্ক্যান করে নেবেন।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন নম্বর নোট করে নেবেন। এবার স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১,১৫০ (ও.বি.সি.'দের বেলায় ৬০০, তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও তৃতীয় লিঙ্গের বেলায় ৩২৫) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, ইউ.পি.আই. বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন, ২৪ জুনের মধ্যে। প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। ফর্মে ভুল হয়ে থাকলে অনলাইনে সংশোধন করতে পারবেন ২৫ জুন থেকে ২৬ জুনের মধ্যে। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

কর্মসংস্থান ও Appointment & Career News আয়োজিত

এবার আসছি আমরা বহরমপুরে

কেরিয়ার ফেয়ার

২৫ ও ২৬ জুন (বুধবার ও বৃহস্পতিবার) স্থান: দ্য ফেম হোটেল, বহরমপুর (বহরমপুর স্টেশনের পাশে শিল্পতালুকে)

Title Sponsor
PRAGATI
SKILL DEVELOPMENT TRAINING PROVIDER

Co-Sponsor
রাজীব গান্ধী কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র

হেল্পলাইন : 6291684943

থাকছে ফ্রি টিফিন

## ডিজিটাল মার্কেটিংয়ে ৩২,৯৯৩ চাকরি

১ পাতার পর

গুরুত্বপূর্ণ বিভাগ হল ডিজিটাল মার্কেটিং। আইটি অ্যান্ড সফটওয়্যার সেক্টরে এমন কোনো কোম্পানি নেই, যাদের ডিজিটাল মার্কেটিংয়ে লোক লাগে না। প্রতি মাসে গড়ে সারা দেশ জুড়ে ৭,০০০ থেকে ৮,০০০ নিয়োগ হয় এই বিভাগে। কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় প্রতি সপ্তাহে কমবেশি ২০০ থেকে ৩০০ নিয়োগ হয়। এই স্পেশালাইজড ক্ষেত্রে কীভাবে নিজেকে প্রস্তুত করলে ৬ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেন তা জানতে আমরা গেছিলাম রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা তথা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এ। সংস্থার সিইও ও ফাউন্ডার অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে ডিজিটাল মার্কেটিংয়ে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ খুবই অবাক করার মতো ব্যাপার যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। কারণ ঠিক কী ধরনের কোর্স করলে এই সেক্টরে চাকরি পাওয়া যায়, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা জানে না। আমি খুব জোরের সঙ্গে একথা বলতে পারি; যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে ডিজিটাল মার্কেটিং মন দিয়ে শেখে, তাহলে এখানকার নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৬ মাসের মধ্যে সে খুব সহজেই ভালো মাইনের চাকরি পাবেই।' ডিজিটাল মার্কেটিংয়ে মূলত ৩টি পদে লোক নেওয়া হয়— **(i) SEO (Search Engine Optimization), (ii) SMM (Social Media Management), (iii) PPC (Pay Per Click).** শুরুতেই নিয়োগ হয় SEO ও SMO-তে। উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে অ্যাডভান্সড কোর্স করলেই এই ট্রেনিং নিতে পারবেন। তারপর মোটামুটি ২ বছরের অভিজ্ঞতা থাকলে PPC-তে নিয়োগ হয়। SEO বা SMO-তে প্রত্যেক সপ্তাহে এই কলকাতাতেই ৩০ থেকে ৪০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে ডিজিটাল মার্কেটিংয়ে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্যবাবু বললেন যে, 'দেখুন, এখন যুগটাই ডিজিটাল। তাই প্রতিটি কোম্পানিতেই ডিজিটাল মার্কেটিংয়ের প্রয়োজন। তাই এখানে এত বিপুল সংখ্যক লোক লাগে।' **SEO**-রা মূলত ওয়েবসাইট বা, অ্যাপটিকে এমনভাবে মার্কেটিং করে যাতে কোনো একটি বিষয় (key word) সার্চ ইঞ্জিন (যেমন Google, Yahoo)-এ টাইপ করলে সংশ্লিষ্ট ওয়েবসাইট বা, অ্যাপটি-ই সার্চিংয়ের একদম ওপরেই আসবে। **SMO**-রা মূলত সোশ্যাল মিডিয়া হ্যান্ডলার (যেমন X, Facebook, LinkedIn, Youtube, Telegram ইত্যাদি) এর মাধ্যমে কোম্পানির সোশ্যাল মিডিয়া এনগেজমেন্ট বাড়িয়ে অ্যাপ বা, ওয়েবসাইটটিকে জনপ্রিয় করে তোলে। এরপর **PPC**-রা মূলত Performance Marketer / Ad Expert হিসাবে বিভিন্ন ডিজিটাল মিডিয়ার মাধ্যমে কোম্পানির গ্রস রেভিনিউ বা, প্রফিট বাড়ায়। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে অর্ঘ্যবাবু বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ (১) একমাত্র এখানেই ৩ মাসের ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এই সময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ৮,০০০ থেকে ১০,০০০ টাকা দেওয়া হয়। (২) আমাদের সঙ্গে দেশের তথা রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে পাশ করলে চাকরির জন্য কেউ বসে থাকে না, বরং একসঙ্গে সে ২-৩টি অফার লেটার হাতে পায়। শুরুতেই মাইনে হয় মাসে ১৫,০০০ থেকে ৩০,০০০ টাকা। যা ২ বছর পর বেড়ে মাসে ৩৫,০০০ থেকে ৬০,০০০ টাকা হয়। (৩) এখানে ডিজিটাল মার্কেটিং এর জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয় যা অন্য কোথাও ভাবাই যায় না। যেমন **SEO**-র জন্য Google Keyword Planner বা Ubersuggest-এর মত সফটওয়্যার ট্যুলস আবার **SMM**-এর জন্য Buffer বা Hootsuite-এর মতো আপডেটেড মডিফিকেশন সফটওয়্যারে কাজ শেখানো হয়। (৪) আমাদের এখানে সফটওয়্যার ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজিটাল এক্সপার্টরাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন যাতে এখানকার ছেলেমেয়েরা সবচেয়ে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৫) ডিজিটাল মার্কেটিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। বিভিন্ন ধরনের ডিজিটাল মার্কেটিং সফটওয়্যার ট্যুলস (অ্যাপ ও ওয়েবসাইট ফ্রেন্ডলি) হাতে কলমে এমনভাবে শেখানো হয়, যাতে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল এক্সপার্ট হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে সুপ্রতিষ্ঠিত করতে পারে ও নামিদামি কোম্পানিতে সর্বোচ্চ স্যালারি প্যাকেজ পায়। (৬) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (৭) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (৮) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবচেয়ে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ১৫,০০০ থেকে ৩০,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৩ থেকে ৪ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, DN-10, Sector-V, Salt Lake, 700091

## কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসে ৪৫৩

১ পাতার পর

ট্রেনিং অ্যাকাডেমি, ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমিতে। কারা কোন বিভাগের জন্য যোগ্য :

**ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি হলে আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০২ থেকে ১-৭-২০০৭'এর মধ্যে। মোট ১৮ মাসের ট্রেনিং হবে 'জেন্টলম্যান ক্যাডেট'এ। ট্রেনিংয়ের সময় প্রার্থীকে দিতে হবে মোট ৩,৭৫০ টাকা। কোনো প্রার্থী দিতে অক্ষম হলে, তখন সরকারই ওই খরচ বহন করবে। ট্রেনিংয়ে সফল হলে লেফটেন্যান্ট পদে চাকরি। এরপর ধাপে-ধাপে 'কম্যান্ডার' পদ পর্যন্ত পদোন্নতি হবে। ১৬১তম কোর্সে ট্রেনিং শুরু ২০২৬ সালের জুলাইয়ে। শূন্যপদ : ১০০টি। এর মধ্যে ১৩টি শূন্যপদ এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেট পাশদের জন্য সংরক্ষিত।

**অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (মেন ও এস.এস.সি. উইমেন নন-টেকনিক্যাল) :** যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেরা 'অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (ফর মেন)'এ আবেদন করতে পারেন। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ অবিবাহিতা তরুণীরা 'অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (এস.এস.সি. উইমেন নন-টেকনিক্যাল)'এ আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০১ থেকে ১-৭-২০০৭'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি। ট্রেনিং হবে মাদ্রাজের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে। মোট ৪৯ সপ্তাহের ট্রেনিং হবে 'জেন্টেলম্যান ক্যাডেট'এ। প্রার্থীকে এজন্য দিতে হবে মোট ৪,৬০০ টাকা। এর মধ্যে ২,৪৫০ টাকা পরে ফেরৎ পাবেন। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ১,৫০০ টাকার কম হলে সরকার পুরো বা, আংশিক খরচ দেবে। সফল হলে লেফটেন্যান্ট পদে ৬ মাস প্রবেশনে থাকতে হবে। ৫ বছরের জন্য শর্ট সার্ভিস কমিশনে চাকরি করতে হবে। এরপর পার্মানেন্ট কমিশনে চাকরির সুযোগ পেলে ধাপে-ধাপে পদোন্নতি হবে। মূল মাইনে ওপরের মতোই। শূন্যপদ : অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে(মেন) ২৭৬টি। ১২৪তম কোর্সে ট্রেনিং শুরু ২০২৬ সালের অক্টোবরে। এস.এস.সি. উইমেন কোর্সে শূন্যপদ : ১৯টি। ১২৪তম এস.এস.সি. উইমেন কোর্সে ট্রেনিং শুরু ২০২৬ সালের অক্টোবরে।

**ন্যাভাল অ্যাকাডেমি :** ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরা আবেদন করার যোগ্য। বয়স হতে হবে ২-৭-২০০২ থেকে ১-৭-২০০৭'এর মধ্যে। শুরুতে ৫ মাসের ট্রেনিং হবে গোয়ার ন্যাভাল অ্যাকাডেমিতে, এক্সিকিউটিভ শাখার ক্যাডেট হিসাবে। ট্রেনিং নেওয়ার জন্য প্রার্থীকে দিতে হবে মোট ৩,৫০০ টাকা। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ১,৫০০ টাকার কম হলে সরকার থেকে পুরো বা, আংশিক খরচ দেওয়া হবে। এরপর 'ক্যাডেট' হিসাবে আবার আড়াই বছরের ট্রেনিং। সফল হলে নৌবাহিনীর জাহাজে ৬ মাস চাকরি। সফল হলে সাব-লেফটেন্যান্ট পদে চাকরি। মাইনে ওপরের মতোই। ট্রেনিং শুরু ২০২৬ সালের জুলাইয়ে। শূন্যপদ : ২৬টি।

**এয়ারফোর্স অ্যাকাডেমি :** উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে পাশের পর যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা ২-৭-২০০২ থেকে ১-৭-২০০৬'এর মধ্যে জন্ম-তারিখ থাকলে 'এয়ারফোর্স অ্যাকাডেমি'তে ট্রেনিং নেওয়ার জন্য আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকলে জন্মতারিখ হতে হবে ২-৭-২০০০ থেকে ১-৭-২০০৬'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২.৫ সেমি, পায়ের মাপ লম্বায় অন্তত ৯৯-১২০ সেমি, থাই লম্বায় ৬৪-৮১.৫ সেমি ও বসার উচ্চতা ৮১.৫ সেমি থেকে ৯৬ সেমি। শুরুতে ফ্লাইং ব্রাঞ্চের পাইলট হিসাবে ৭৪ সপ্তাহের ট্রেনিং হবে এয়ারফোর্স অ্যাকাডেমিতে। প্রার্থীকে এজন্য দিতে হবে মোট ২,৩৪০ টাকা। এর মধ্যে ৮৪০ টাকা পরে ফেরৎ পাবেন। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ৭৫০ টাকার কম হলে এই খরচ সরকার থেকে দেওয়া হবে। ক্যাডেট হিসাবে ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন মাসে ২১,০০০ টাকা। এছাড়া ফ্লাইং-ভাতা পাবেন। ২১৮ এফ (পি) কোর্সে ট্রেনিং শুরু ২০২৬ সালের জুলাইয়ে। শূন্যপদ : ৩২টি।

এই ৫ বিভাগের ট্রেনিং নিতে হলে দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় ৬/৬ ও কাছের বেলায় প্রতি চোখে 'N-S'. ওপরের সব পদের বেলায় এবছরের ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদন করার যোগ্য। ট্রেনিংয়ের সময় মাসে স্টাইপেন্ড পাবেন। সফল হলে মূল মাইনে ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

প্রার্থী বাছাই হবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (II)-২০২৫' পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে লিখিত পরীক্ষা ১৪ সেপ্টেম্বর। পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, কটক, দিসপুর (গুয়াহাটি), পটনা, শিলঙ, রাঁচী, সম্বলপুর, পোর্ট ব্লেয়ার, গ্যাংটক ও আগরতলা।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমির লিখিত পরীক্ষায় থাকবে এই তিনটি পেপার : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ, (৩) এলিমেন্টারি ম্যাথমেটিক্স। প্রতিটি পেপারে থাকবে ১০০ নম্বর ও সময় ২ ঘন্টা করে।

অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ট্রেনিং নিতে হলে লিখিত পরীক্ষায় থাকবে এইদুটি পেপার : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ। প্রতিটি পেপারে ১০০ নম্বর ও সময় ২ ঘন্টা করে। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ১ নম্বর কাটা যাবে। সফল হলে ৩০০ নম্বরের ইন্টারভিউ (অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির বেলায় ২০০ নম্বর)। সব পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ইংরিজিতে থাকবে ইংরিজি গ্রামারের প্রশ্ন। এলিমেন্টারি ম্যাথমেটিক্সে পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি, পরিমিতি ও রাশিবিজ্ঞান বিষয়ে উচ্চমাধ্যমিক মানের প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.৩৩ নম্বর কাটা হবে। ই-অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 11/2025-CDS-II, Dated: 28/05/2025.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : https://www.upsconline.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করলে পরীক্ষা ফী বাবদ ২০০ টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় নগদে দিতে পারেন কিংবা এস.বি.আই. নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে জমা দিতে পারবেন। একাধিক দরখাস্ত করবেন না। মহিলা ও তপশিলী সম্প্রদায়ের প্রার্থীদের ফী লাগবে না। অনলাইনে দরখাস্ত করার পর রেজিস্ট্রেশন আই.ডি-সহ সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন।

## ২,৪২৩ অফিস অ্যাটেন্ড্যান্ট

১ পাতার পর

ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। নেওয়া হবে স্টাফ সিলেকশন কমিশনের ৭টি রিজিয়নের মাধ্যমে।

**পূর্বাঞ্চলে নেওয়া হবে এইসব পদে :**

**পোস্ট কোড : ER10125: সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে ডিপার্টমেন্ট অফ অ্যাগ্রিকালচার অ্যান্ড ফার্মার্স ওয়েলফেয়ারে।

**পোস্ট কোড : ER10225: ফার্টিলাইজার ইন্সপেক্টর :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। চাকরি হবে ডিপার্টমেন্ট অফ অ্যাগ্রিকালচার অ্যান্ড ফার্মার্স ওয়েলফেয়ারে।

**পোস্ট কোড : ER10425: সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট (ফিজিক্যাল সিভিল) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৫টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে ডিপার্টমেন্ট অফ কনজিউমার অ্যাফেয়ার্সে।

**পোস্ট কোড : ER10525: টেকনিক্যাল অফিসার (স্টোরেজ অ্যান্ড রিসার্চ) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে ডিপার্টমেন্ট অফ ফুড অ্যান্ড পাব্লিক ডিস্ট্রিবিউশনে।

**পোস্ট কোড : ER11825: টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে ডিপার্টমেন্ট অফ অ্যাগ্রিকালচার অ্যান্ড ফার্মার্স ওয়েলফেয়ারে।

**পোস্ট কোড : ER12225: সাব-এডিটর (ইংলিশ) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ৩টি (জেনাঃ ২, তঃউঃজাঃ ১)। চাকরি হবে মিনিস্ট্রি অফ কালচারে।

**পোস্ট কোড : ER12525: লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট (জেনারেল) :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। শূন্যপদ : ৯টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ১, ও.বি.সি.৪, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে মিনিস্ট্রি অফ কালচারে।

**পোস্ট কোড : ER12725: লাইব্রেরি ক্লার্ক (জেনারেল) :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ৮টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে মিনিস্ট্রি অফ কালচারে।

**পোস্ট কোড : ER12925: লাইব্রেরি ক্লার্ক (বাইন্ডিং) :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১)। চাকরি হবে মিনিস্ট্রি অফ কালচারে।

**পোস্ট কোড : ER13025: ক্যান্টিন অ্যাটেন্ড্যান্ট :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ৪টি (জেনাঃ ১, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে মিনিস্ট্রি অফ কালচারে।

**পোস্ট কোড : ER14025: ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (তঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে মিনিস্ট্রি অফ এনভায়রনমেন্ট, ফরেস্ট অ্যান্ড ক্লাইমেট চেঞ্জে।

**পোস্ট কোড : ER14225: সিনিয়র প্রিজার্ভেশন অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে মিনিস্ট্রি অফ এনভায়রনমেন্ট, ফরেস্ট অ্যান্ড ক্লাইমেট চেঞ্জে।

**পোস্ট কোড : ER14325: প্রুফ রিডার :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ)। চাকরি হবে মিনিস্ট্রি অফ এনভায়রনমেন্ট, ফরেস্ট অ্যান্ড ক্লাইমেট চেঞ্জে।

**পোস্ট কোড : ER14425: ফটোগ্রাফার গ্রেড-।। :** উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে মিনিস্ট্রি অফ এনভায়রনমেন্ট, ফরেস্ট অ্যান্ড ক্লাইমেট চেঞ্জে।

**পোস্ট কোড : ER14525: বোটানিক্যাল অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ১৭টি (জেনাঃ ৯, তঃজাঃ ৩, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ২)। চাকরি হবে মিনিস্ট্রি অফ এনভায়রনমেন্ট, ফরেস্ট অ্যান্ড ক্লাইমেট চেঞ্জে।

**পোস্ট কোড : ER14625: লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ)। চাকরি হবে মিনিস্ট্রি অফ এনভায়রনমেন্ট, ফরেস্ট অ্যান্ড ক্লাইমেট চেঞ্জে।

**পোস্ট কোড : ER14725: ক্যান্টিন অ্যাটেন্ড্যান্ট :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। চাকরি হবে মিনিস্ট্রি অফ এনভায়রনমেন্ট, ফরেস্ট অ্যান্ড ক্লাইমেট চেঞ্জে।

**পোস্ট কোড : ER14925: ফিল্ড অ্যাটেন্ড্যান্ট (মাল্টি টাস্কিং) :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১৩টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ২)। চাকরি হবে মিনিস্ট্রি অফ এনভায়রনমেন্ট, ফরেস্ট অ্যান্ড ক্লাইমেট চেঞ্জে।

**পোস্ট কোড : ER15025: অফিস অ্যাটেন্ড্যান্ট (মাল্টি টাস্কিং) :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৮, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে মিনিস্ট্রি অফ এনভায়রনমেন্ট, ফরেস্ট অ্যান্ড ক্লাইমেট চেঞ্জে।

**পোস্ট কোড : ER15225: জুনিয়র জুলজিক্যাল অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েট পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে মিনিস্ট্রি অফ এনভায়রনমেন্ট, ফরেস্ট অ্যান্ড ক্লাইমেট চেঞ্জে।

**পোস্ট কোড : ER15625: জুনিয়র মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজিস্ট :** উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ১, তঃজাঃ১)। চাকরি হবে মিনিস্ট্রি অফ হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ারে।

**পোস্ট কোড : ER15725: ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৩, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে মিনিস্ট্রি অফ হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ারে।

**পোস্ট কোড : ER15825: হেলথ ওয়ার্কার (ফিমেল) :** উচ্চমাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৪টি (জেনাঃ ৩, তঃউঃজাঃ ১)। চাকরি হবে মিনিস্ট্রি অফ হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ারে।

**পোস্ট কোড : ER16025: ল্যাবরেটরি অ্যাটেন্ড্যান্ট :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (ই.ডব্লু.এস.)। চাকরি হবে মিনিস্ট্রি হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ারে।

**পোস্ট কোড : ER16325: জুনিয়র সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট :** গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২৩ থেকে ২৮ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। চাকরি হবে মিনিস্ট্রি অফ হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ারে।

**পোস্ট কোড : ER16925: অ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেন্ডেন্ট (অ্যাডমিনিস্ট্রেশন) :** ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে মিনিস্ট্রি অফ টেক্সটাইলসে।

**পোস্ট কোড : ER17125: অ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেন্ডেন্ট (টেকনিক্যাল) :** ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। চাকরি হবে মিনিস্ট্রি অফ টেক্সটাইলসে।

**পোস্ট কোড : ER17225: আপার ডিভিশন ক্লার্ক :** ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। শূন্যপদ : ১৯টি (জেনাঃ ৯, তঃজাঃ২, তঃউঃজাঃ১, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ১)। চাকরি হবে মিনিস্ট্রি অফ টেক্সটাইলসে।

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-৮-২০২৫'র হিসাবে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৮ (তপশিলী হলে ১৩, ও.বি.সি. হলে ১১) বছর ও কেন্দ্রীয় সরকারি কর্মী আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। বিজ্ঞপ্তি নং : Phase - XIII/2025/Selection Posts. File No. HQ-RHQS015/2025/C-4.

প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। পরীক্ষা হবে কম্পিউটার বেসড মোডে, ২৪ জুলাই থেকে ৪ আগস্টের মধ্যে। এই পরীক্ষায় ২০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল ইন্টেলিজেন্স - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (খ) জেনারেল অ্যাওয়ারনেস - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (গ) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড - ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন, (ঘ) ইংলিশ ল্যাঙ্গোয়েজ -৫০ নম্বরের ২৫টি প্রশ্ন। সময় থাকবে এক ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে যে পদের যোগ্যতা যেমন আছে, সেই পদ অনুযায়ী। যেমন, যে পদের জন্য যোগ্যতা মাধ্যমিক, সেক্ষেত্রে প্রশ্ন হবে মাধ্যমিক মানের। এ বিষয়ে বিস্তারিত সিলেবাস ওয়েবসাইটে পাবেন। পূর্বাঞ্চলের বেলায় পরীক্ষা হবে কলকাতা (৪৪১০), শিলিগুড়ি (৪৪১৫), কল্যাণী (৪৪১৯), গ্যাংটক (৪০০১), ভুবনেশ্বর (৪৬০৪), পোর্ট ব্লেয়ার (৪৮০২), রৌরকেলা (৪৬১০), কটক (৪৬০৫), রাঁচী (৪২০৫)।

সফল হলে সংশ্লিষ্ট রিজিয়ন অফিসে স্কিল টেস্ট / টাইপিং টেস্ট / কম্পিউটার টেস্ট ও সার্টিফিকেট ভেরিফিকেশন হবে। অনলাইন টেস্টে সফল হলে মোট শূন্যপদের ২০ গুণ (সর্বাধিক ৫টি শূন্যপদ থাকলে) / ১০ গুণ (৫'এর বেশি শূন্যপদ হলে) প্রার্থীকে ডাকা হবে। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ssc.gov.in, www.sscer.org

দরখাস্ত করবেন অনলাইনে, ২৩ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : www.ssconline.nic.in, www.ssc.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (৪-২০ কেবির মধ্যে) ও সিগনেচার (১-১২ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এবার পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ডে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলাদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। দরখাস্তের ফর্ম এডিট করতে পারবেন ২৮ জুন থেকে ৩০ জুন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## স্কুলে ৮,৪৭৭ ক্লার্ক ও গ্রুপ 'ডি'

১ পাতার পর

পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২৫'র হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে।

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ক্লার্ক পদের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২৫'র হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করবে স্কুল সার্ভিস কমিশন 4th SLST'র মাধ্যমে। ১ ঘন্টার লিখিত পরীক্ষা হবে। পুরনো পদ্ধতি অনুযায়ী গ্রুপ-ডি পদের বেলায় ৫০ নম্বরের লিখিত পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৪৫ নম্বর ও পার্সোন্যালিটি টেস্টে থাকবে ৫ নম্বর। ৪৫ নম্বরের ১ ঘন্টার লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে মাল্টিপল চয়েজ টাইপের (এম.সি.কিউ. টাইপের) এইসব বিষয়ে : (১) জেনারেল নলেজ - ১৫ নম্বর, (২) কারেন্ট অ্যাফেয়ার্স - ১৫ নম্বর, (৩) অ্যারিথমেটিক - ১৫ নম্বর। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট।

লোয়ার ডিভিশন ক্লার্ক পদের বেলায় প্রার্থী বাছাইয়ের জন্য ১০০ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৬০ নম্বর, অ্যাকাডেমিক স্কোরে থাকবে ১০ নম্বর, পার্সোন্যালিটি টেস্টে থাকবে ৫ নম্বর আর কম্পিউটার টাইপিং টেস্ট ও কম্পিউটার দক্ষতায় থাকবে ২৫ নম্বর। ৬০ নম্বরের ১ ঘন্টার লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে মাল্টিপল চয়েজ (এম.সি.কিউ.) টাইপের এইসব বিষয়ে : (১) জেনারেল নলেজ - ১৫ নম্বর, (২) কারেন্ট অ্যাফেয়ার্স -১৫ নম্বর, (৩) জেনারেল ইংলিশ-১৫ নম্বর, (৪) অ্যারিথমেটিক -১৫ নম্বর। লিখিত পরীক্ষায় কোয়ালিফাইং করলে ৫ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট হবে। তারপর কম্পিউটার টাইপিং টেস্ট ও কম্পিউটার দক্ষতায় থাকবে ২৫ নম্বর। মিনিটে ২০টি শব্দ তোলার গতিতে রানিং ম্যাটার দেখে ৫ মিনিটে ইংরিজিতে কম্পিউটারে টাইপিং স্কিল টেস্ট হবে।

'গ্রুপ-ডি' পদের বেলায় লিখিত পরীক্ষায় পাওয়া নম্বর দেখে মোট শূন্যপদের দ্বিগুণ প্রার্থীকে পার্সোন্যালিটি টেস্টের জন্য ডাকা হবে। চূড়ান্ত তালিকা তৈরির সময় লিখিত পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টে পাওয়া নম্বর যোগ করে মোট শূন্যপদের ০.১০ গুণ প্রার্থীর নাম (এমপ্যানেল্ড ও ওয়েটিং লিস্ট) প্রকাশ করা হবে। এর মধ্যে 'এমপ্যানেল্ড' তালিকা থেকে সবাই চাকরি পাবে। আর 'ওয়েটিং লিস্ট'এর প্রার্থীদের চাকরি পাওয়ার বিষয়ে কোনো নিশ্চয়তা নেই।

'ক্লার্ক' পদের বেলায় লিখিত পরীক্ষায় পাওয়া নম্বর ও অ্যাকাডেমিক স্কোরে পাওয়া নম্বর দেখে মোট শূন্যপদের দ্বিগুণ প্রার্থীকে পার্সোন্যালিটি টেস্ট (টাইপিং ও কম্পিউটার দক্ষতা-সহ)'এর জন্য ডাকা হবে। চূড়ান্ত তালিকা তৈরির সময় লিখিত পরীক্ষা, অ্যাকাডেমিক স্কোর, পার্সোন্যালিটি টেস্ট, টাইপিং ও কম্পিউটার দক্ষতায় পাওয়া নম্বর যোগ করে মোট শূন্যপদের ০.১০ গুণ প্রার্থীর নাম (এমপ্যানেল্ড ও ওয়েটিং লিস্ট) প্রকাশ করা হবে। এর মধ্যে 'এমপ্যানেল্ড' তালিকা থেকে সবাই চাকরি পাবে। আর 'ওয়েটিং লিস্ট'এর প্রার্থীদের চাকরি পাওয়ার বিষয়ে কোনো নিশ্চয়তা নেই।

দুই পদের বেলায় মাধ্যম, ক্যাটেগরি, লিঙ্গ অনুযায়ী আলাদা তালিকা তৈরি হবে। সব পদের বেলায় সব শেষে কাউন্সেলিংয়ের মাধ্যমে নিয়োগ করা হবে। পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.westbengalssc.com বিজ্ঞপ্তি বেরোলে আরো বিস্তারিত তথ্য আগামী সংখ্যায় দেওয়া হবে।

## কেন্দ্রীয় সংস্থায় ২০৪ সায়েন্টিস্ট

**নিজস্ব প্রতিনিধি, মুম্বই :** কেন্দ্রীয় সরকারের মহাকাশ দফতরের অধীন ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন 'সায়েন্টিস্ট / ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স / মেকানিক্যাল / কম্পিউটার সায়েন্স)' পদে ২০৪ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**সায়েন্টিস্ট / ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স) :** ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা. বি.টেক.) কোর্স পাশরা মোট অন্তত ৬৫ % নম্বর পেয়ে থাকলে আবেদনের যোগ্য। শূন্যপদ : ১১৩টি। পোস্ট কোড : BE001.

**সায়েন্টিস্ট / ইঞ্জিনিয়ার (মেকানিক্যাল) :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা. বি.টেক.) কোর্স পাশরা মোট অন্তত ৬৫ % নম্বর পেয়ে থাকলে আবেদনের যোগ্য। শূন্যপদ : ১৬০টি। পোস্ট কোড : BE002.

**সায়েন্টিস্ট / ইঞ্জিনিয়ার (কম্পিউটার সায়েন্স) :** কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা. বি.টেক.) কোর্স পাশরা মোট অন্তত ৬৫ % নম্বর পেয়ে থাকলে আবেদনের যোগ্য। শূন্যপদ : ৪৪টি। পোস্ট কোড : BE003.

**সায়েন্টিস্ট / ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রনিক্স) :** ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা. বি.টেক.) কোর্স পাশরা মোট অন্তত ৬৫ % নম্বর পেয়ে থাকলে আবেদনের যোগ্য। শূন্যপদ : ২টি। পোস্ট কোড : BE001/A.

**সায়েন্টিস্ট / ইঞ্জিনিয়ার (কম্পিউটার সায়েন্স) :** কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা. বি.টেক.) কোর্স পাশরা মোট অন্তত ৬৫ % নম্বর পেয়ে থাকলে আবেদনের যোগ্য। শূন্যপদ : ১টি। পোস্ট কোড : BE003/A.

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১৬-৬-২০২৫'র হিসাবে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ৫৬,১০০ টাকা।

প্রার্থী বাছাই করবে 'ISRO Centralised Recruitment Board'. প্রথমে হবে লিখিত পরীক্ষা। এই পরীক্ষা হবে কলকাতা, গুয়াহাটিতে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে দু'টি পার্টে। প্রথম পার্টে ৮০টি প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর আর ১৫টি প্রশ্ন হবে নিউমেরিক্যাল রিজনিং, লজিক্যাল রিজনিং, ডায়াগ্রামাটিক রিজনিং, অ্যাবস্ট্রাক্ট রিজনিং, ডিডাকটিভ রিজনিং। সময় থাকবে ১২০ মিনিট। লিখিত পরীক্ষায় সফল হলে মোট শূন্যপদের ৫ গুণ প্রার্থীকে ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। বিজ্ঞপ্তি নং : ISRO : ICRB:02 (EMC) : 2025 dated 27.05.2025.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ জুনের মধ্যে। এই ওয়েবসাইটে : www.isro.gov.in এজন্য একটি বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দেওয়ার পর নাম রেজিস্ট্রেশন করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৭৫০ টাকা অনলাইনে জমা দেবেন, ১৮ জুনের মধ্যে। অনলাইনে জমা দেবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে। প্রার্থী বাছাইয়ের লিখিত পরীক্ষা দিলে তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা পুরো দেওয়া ফী অর্থাৎ, ৭৫০ টাকা আর সাধারণ প্রার্থীরা ৫০০ টাকা ফেরৎ পাবেন। তবে পরীক্ষায় না বসলে ফী ফেরত পাবেন না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

1. কোন গাছের নিঃসরণ থেকে তারপিন তেল তৈরি হয়?
(A) জলপাই (B) বার্চ (C) উইলো (D) পাইন

2. 'হাইগ্রোমিটার' যন্ত্রের সাহায্যে কী পরিমাপ করা হয়?
(A) বাতাসের আপেক্ষিক আর্দ্রতা (B) বায়ুর গতিবেগ
(C) সমুদ্রে জলের গভীরতা (D) সমুদ্রস্রোতের গতিবেগ

3. কে 'সার্ভেন্টস অফ ইন্ডিয়া সোসাইটি' গঠন করেন?
(A) রাজা রামমোহন রায় (B) দয়ানন্দ সরস্বতী
(C) গোপাল কৃষ্ণ গোখলে (D) মহাত্মা গান্ধী

4. গ্যালভানাইজেশন হল লোহার ওপর ————এর প্রলেপ।
(A) দস্তা (B) তামা (C) সীসা (D) অ্যালুমিনিয়াম

5. বায়ুমণ্ডলের কোন স্তরে রেডিও তরঙ্গ প্রতিফলিত হয়?
(A) ট্রপোস্ফিয়ার (B) মেসোস্ফিয়ার
(C) স্ট্র্যাটোস্ফিয়ার (D) ওজোনোস্ফিয়ার

6. ভারতীয় সংসদে দু'টি অধিবেশনের মধ্যে সর্বাধিক কত দিনের ব্যবধান থাকতে পারে?
(A) 4 মাস (B) 5 মাস (C) 6 মাস (D) 7 মাস

7. ভারতীয় সংসদে সদস্য পদে নির্বাচিত হওয়ার ন্যূনতম বয়সসীমা কত?
(A) 18 বছর (B) 21 বছর (C) 25 বছর (D) 30 বছর

8. কোন রোগ নিরাময়ে 'রেসারপিন' ব্যবহৃত হয়?
(A) উচ্চরক্তচাপ নিরাময় (B) পৌষ্টিকতন্ত্রে উৎসেচকের নিয়ন্ত্রণ
(C) হৃদযন্ত্রের সমস্যা সমাধান (D) স্মৃতিভ্রংশ

9. বায়ুমণ্ডলের সর্বাধিক দূরবর্তী স্তরের নাম কী?
(A) মেসোস্ফিয়ার (B) আয়নোস্ফিয়ার
(C) ওজোনোস্ফিয়ার (D) এক্সোস্ফিয়ার

10. কোন রোগের চিকিৎসায় ডায়ালিসিস পদ্ধতি ব্যবহার করা হয়?
(A) হৃদপিণ্ডের রোগে (B) কিডনি সংক্রান্ত রোগে
(C) স্নায়ুতন্ত্রের রোগে (D) হাড়ের সমস্যায়

11. কোন যন্ত্রের সাহায্যে ভূমিকম্পের তীব্রতা পরিমাপ করা হয়?
(A) সিসমোগ্রাফ (B) পলিগ্রাফ (C) হাইড্রোগ্রাফ (D) থার্মোগ্রাফ

12. কোন পাখি পিছন দিকে উড়তে পারে?
(A) চিল (B) গ্রেট ইন্ডিয়ান বাস্টার্ড (C) হর্নবিল (D) হামিংবার্ড

13. নীল ও হলুদ রঙের সমপরিমাণ মিশ্রণে কোন রঙ তৈরি হয়?
(A) লাল (B) কালো (C) সবুজ (D) বেগুনী

14. 'বার' কীসের একক?
(A) বায়ুমণ্ডলীয় চাপ (B) তাপমাত্রা (C) বল (D) কার্য

15. 'জাতীয় ডাক দিবস' কত তারিখে পালিত হয়?
(A) 16 নভেম্বর (B) 7 আগস্ট (C) 24 মার্চ (D) 10 অক্টোবর

16. নাগরিকদের মৌলিক অধিকার রক্ষার ক্ষেত্রে হাই কোর্ট কত প্রকারের লেখ জারি করতে পারে?
(A) তিন (B) পাঁচ (C) ছয় (D) চার

17. কোন তারিখকে 'শরৎকালীন বিষুব' বলা হয়?
(A) 21 মার্চ (B) 21 জুন (C) 22 ডিসেম্বর (D) 23 সেপ্টেম্বর

18. ভারতের কোন রাজ্যে দ্বৈত নাগরিকত্ব স্বীকৃত আছে?
(A) জম্মু ও কাশ্মীর (B) অসম (C) দিল্লি (D) মহারাষ্ট্র

19. 'গান্ধী আরউইন চুক্তি' কবে স্বাক্ষরিত হয়েছিল?
(A) 5 মার্চ, 1931 (B) 5 মার্চ, 1932
(C) 10 মার্চ, 1931 (D) 9 মার্চ, 1930

20. 'ভারতীয় বিপ্লববাদের জনক' কাকে বলা হয়?
(A) বাসুদেব বলবন্ত ফাড়কে (B) বালকৃষ্ণ চাপেকার
(C) দামোদর চাপেকর (D) দামোদর সাভারকার

21. ক 600 টাকা দিয়ে একটি টেবিল তৈরি করে খ-এর কাছে 10% লাভে বিক্রি করল। খ ওই টেবিল গ-এর কাছে 5% লাভে বিক্রি করল। গ কত দামে টেবিলটি কিনেছিল?
(A) 693 (B) 695 (C) 697 (D) 700

22. কোনো এক দুপুর 12টার সময় রাম ঘণ্টায় 6 কিলোমিটার বেগে যাত্রা করল। দুপুর 1 : 30 মিনিটে শ্যাম ঘণ্টায় 8 কিলোমিটার বেগে রামকে অনুসরণ করল। শ্যাম কখন রামকে অতিক্রম করবে?
(A) 7.5 ঘণ্টা (B) 9 ঘণ্টা (C) 4.5 ঘণ্টা (D) 3 ঘণ্টা

23. কোনো ট্রেন দুর্ঘটনায় 10% যাত্রী ঘটনাস্থলেই মারা যায়। বাকিদের 5% হাসপাতালে মারা গেল। যদি 1,710 জন বেঁচে যায়, তবে ট্রেনটিতে মোট কত যাত্রী ছিল?
(A) 3,000 (B) 2,000 (C) 2,500 (D) 4,000

24. একটি বর্গাকার জমির ক্ষেত্রফল 92.16 হেক্টর। জমিটির পরিসীমা কত মিটার?
(A) 4,900 (B) 3,120 (C) 3,840 (D) 5,340

25. একটি 300 মিটার দৌড় প্রতিযোগিতায় ক, খ-কে 50 মিটারে পরাজিত করে ও খ, গ-কে 12 মিটারে পরাজিত করে। ক, গ-কে কত

RAIL Exam

# রেলের NTPC



ভারতীয় রেলের বিভিন্ন ডিভিশন ও জোনে কাজের জন্য নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে (NTPC-Under Graduate) উচ্চমাধ্যমিক যোগ্যতায় কমার্শিয়াল কাম টিকিট ক্লার্ক, অ্যাকাউন্টস ক্লার্ক কাম টাইপিস্ট, জুনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট ও ট্রেন্স ক্লার্ক পদে ৩,৪৪৫টি শূন্যপদে আর নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে গ্র্যাজুয়েট যোগ্যতায় গুডস ট্রেন ম্যানেজার, স্টেশন মাস্টার, চিফ কমার্শিয়াল কাম টিকিট সুপারভাইজার, জুনিয়র অ্যাকাউন্ট অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট ও সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে ৮,১১৩টি শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া হয়েছে। এই পদে গ্র্যাজুয়েট লেভেলের পরীক্ষা হবে ৫ জুন থেকে ২৩ জুন পর্যন্ত। দুই ক্ষেত্রেই প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে: (১) অঙ্ক - ৩০ নম্বর, (২) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ নম্বর, (৩) জেনারেল অ্যাওয়ারনেস - ৪০ নম্বর। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় থাকবে মোট দেড় ঘণ্টা। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ৫০টি প্রশ্নোত্তর তৈরি করেছেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ ও শিক্ষক দীপক চৌধুরী।

মিটারে পরাজিত করবে?
(A) 60 (B) 70 (C) 80 (D) 90

26. বিক্রয় কর 10% কমে গেল, কিন্তু বিক্রি 10% বাড়ল। বিক্রয় কর সংগ্রহের পরিমাণ শতকরা কত হ্রাস বা, বৃদ্ধি পেল?
(A) 1% বৃদ্ধি (B) 1% হ্রাস
(C) 10% বৃদ্ধি (D) 10% হ্রাস

27. 95% মাত্রার 5 লিটার অ্যালকোহল দ্রবণে আরও কত লিটার জল মেশালে অ্যালকোহলের মাত্রা 25% হবে?
(A) 14 (B) 17.5 (C) 15 (D) 21

28. কোনো দুর্গে 1,000 জন সৈন্যের 20 দিনের খাবার মজুত ছিল। 2 দিন পরে দুর্গে আরও 200 জন সৈন্য যোগ দিল। বাকি খাবারে আর কতদিন চলবে?
(A) 16 (B) 15 (C) 14 (D) 13

29. কোনো সংখ্যাকে 97 দিয়ে ভাগ করলে 73 ভাগশেষ থাকে। কিন্তু 83 দিয়ে ভাগ করলে ভাগফল হয় 42. দ্বিতীয় ক্ষেত্রে ভাগশেষ কত?
(A) 57 (B) 39 (C) 79 (D) 93

30. একটি ট্রেন একটি ইলেক্ট্রিক পোস্ট ও 264 মিটার দীর্ঘ একটি সেতুকে যথাক্রমে 8 সেকেণ্ডে ও 20 সেকেণ্ডে অতিক্রম করে। ট্রেনটির দৈর্ঘ্য কত মিটার?
(a) 180 (b) 176 (c) 264 (d) 195

31. $999\frac{494}{495} \times 99 + \frac{1}{5}$ রাশিমালাটির সরলতম মানটি কত?
(A) $98701\frac{1}{5}$ (B) $98701\frac{3}{5}$
(C) 99000 (D) 98701

32. দু'টি সংখ্যার অনুপাত 3 : 4 ও তাদের গসাগু 4 হলে সংখ্যাদু'টির লসাগু কত হবে?
(A) 42 (B) 48 (C) 56 (D) 64

33. ঘন্টার কাঁটা ও সেকেন্ডের কাঁটার গতিবেগের অনুপাত কত?
(A) 1 : 120 (B) 1 : 360
(C) 1 : 720 (D) 1 : 3600

34. কোনো দোলক ঘড়িতে 6 টা বাজতে 6 সেকেন্ড সময় লাগে 12 টার ঘণ্টা বাজতে কত সময় লাগবে?
(A) 11 সেকেন্ড (B) 13 সেকেন্ড
(C) 12 সেকেন্ড (D) $13\frac{1}{5}$ সেকেন্ড

35. দু'টি সংখ্যার যোগফল ও তাদের অনোন্যকের সমান হলে সংখ্যা দু'টির গুণফল নির্ণয় করুন।
(A) 1 (B) 2 (C) 3 (D) 4

36. নীচের শব্দগুলিকে অর্থবহ হিসাবে সাজান।
1. সুতো 2. গাছ 3. দড়ি 4. কার্পাস 5. কাপড়
(A) 2, 4, 5, 1, 3. (B) 2, 4, 1, 5, 3
(C) 1, 2, 3, 4, 5 (D) 2, 1, 4, 5, 3

37. যদি ইংরিজি বর্ণমালাকে বিপরীতক্রমে সাজানো যায়, তবে O এর ডান দিকের অষ্টম বর্ণ কোনটি?
(A) G (B) H (C) I (D) J

38. নীচের শ্রেণিটির শূন্যস্থান গুলি পূরণ করুন।
PQP__PQR__RST__
(A) QRSPP (B) PQRST
(C) QSRPT (D) PQRPP

39. যদি LIE কে সাংকেতিক চিহ্নে 13 ও DAY কে 15 লেখা হয়, তবে DATE কে কী লেখা হবে?
(A) 10 (B) 12 (C) 14 (D) 15

40. 27 জানুয়ারি 2000 সাল কী বার ছিল?
(A) শনিবার (B) রবিবার
(C) সোমবার (D) মঙ্গলবার

41. নীচের ছকটিতে 5 এর বিপরীতে কোন সংখ্যাটি আছে?




(A) 2 (B) 3 (C) 4 (D) 6

42.

| | | |
|---|---|---|
| 6 | 4 | 7 |
| 35 | ? | 40 |
| 1 | 2 | 3 |

(A) 10 (B) 12 (C) 15 (D) 18

43.




(A) 29 (B) 25 (C) 23 (D) 19

নির্দেশ (44-46) : *নীচের সংখ্যাশ্রেণির পরবর্তী সংখ্যাটি লিখুন :*

44. 12, 35, 81, 173, 357, ?
(A) 625 (B) 675 (C) 725 (D) 775

45. 2, 6, 12, 20, 30, ?
(A) 35 (B) 37 (C) 42 (D) 45

46. 33, 43, 65, 99, 145, ?
(A) 203 (B) 209 (C) 212 (D) 215

47. যদি 8 + 4 = 16, 12 + 6 = 36, 18 + 8 = 72 হয়, তখন 25 + 12 কত হবে?
(A) 125 (B) 150 (C) 175 (D) 300

নির্দেশ (48-50) : *নীচের বেমানান পদটি চিহ্নিত করুন।*

48. (A) Vit-A (B) Vit-D (C) Vit-C (D) Vit-K

49. (A) কলকাতা (B) মুম্বই (C) চেন্নাই (D) মাদুরাই

50. (A) BCEH (B) JKNP (C) RSUX (D) LMOR

## উত্তর

1(D). 2(A). 3(C). 4(A). 5(B). 6(C). 7(C). 8(A). 9(D). 10(B). 11(A). 12(D). 13(C) 14(B). 15(D). 16(B). 17(D). 18(A). 19(A). 20(A). 21(A). 22(C).

23(B). 10% মারা যান ঘটনাস্থলে।
বাকিদের 5% মারা যান হসপিটালে।
তাহলে, জীবিত ছিলেন $90 \times \frac{95}{100}$
$= \frac{171}{2}$ %. তাহলে, $\frac{171}{2}$ % = 1710 জন।
তাহলে, 100% = $1710 \times \frac{2}{171} \times 100$
= 2,000 জন।
মোট 2,000 জন যাত্রী ছিলেন।

24(C).

25(A). ক যখন 300 মিটার যায় খ যাবে 250 মিটার।
খ যখন 300 মিটার যায় গ যাবে 288 মিটার। তাহলে, যখন 250 মিটার যায় গ যাবে $\frac{288}{300} \times 250$ মিটার = 240 মিটার। তাহলে, ক, গ কে (300–240) = 60 মিটারে পরাজিত করবে।

26(B). 27(A). 28(B).

29(C). 83 দিয়ে ভাগ করলে ভাগফল হয় 42. তাহলে, আশা করা যায় ভাগশেষ না থাকলে সংখ্যাটি হবে (83 × 42) = 3486.
3486-কে 97 দিয়ে ভাগ করলে ভাগশেষ হয় 91. কিন্তু প্রদত্ত ভাগশেষ হবে 73. তাহলে, (3486 + 6 + 73) = 3565 সংখ্যাটিতে 97 দিয়ে ভাগ করলে ভাগশেষ হয় 73.
তাহলে, দ্বিতীয় ক্ষেত্রে ভাগশেষ (3565–3486)= 79.

30(B). 31(C). $(999 + \frac{494}{495}) \times 99 + \frac{1}{5}$
$= (999 + 1 - \frac{1}{495}) \times 99 + \frac{1}{5}$
$= 999 \times 99 + 99 - \frac{99}{495} + \frac{1}{5}$
$= 98901 + 99 - \frac{1}{5} + \frac{1}{5}$
= 99000

32(B). 33(C). 34(D).

35(A). $x + y = \frac{1}{x} + \frac{1}{y}$
$= xy = \frac{(x+y)}{(x+y)} = 1$

36(B). 37(A). 38(A). 39(D). 40(A). 41(B). 42(B).

43(D). পরস্পর মৌলিক সংখ্যা।

44(C). 45(C). 46(A).

47(B). $\frac{8 \times 4}{2} = 16$

$\frac{12 \times 6}{2} = 36$

$\frac{18 \times 8}{2} = 72$

$\frac{25 \times 12}{2} = 150$

48(C).

49(D). মাদুরাই ছাড়া বাকিগুলি মেট্রো শহর

50(B).

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন?এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## স্কুল সার্ভিসের

■ *আপার প্রাইমারির জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? — জয়ন্ত ঘোষ।*

■■ মোট অন্তত ৫০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। পেশাগত যোগ্যতা হিসাবে বি.এড. / এলিমেন্টারি এডুকেশনের ডিপ্লোমা / বি.এল.এড. / বি.এড. (স্পেশাল এডুকেশন) কোর্স পাশ হতে হবে।
সব পদের বেলায় বয়স হতে হবে ২১ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা ৮ বছর বয়সে ছাড় পাবেন।

■ *আপার প্রাইমারির জন্য ডি.এল.এড. কোর্স পাশ হলে পরীক্ষা দিতে পারব কি? — পারমিতা মৈত্র, কৃষ্ণনগর, নদিয়া।*

■■ হ্যাঁ, পারবেন।

■ *স্কুল সার্ভিস কমিশনের এস.এল.এস.টি.'র যে বিজ্ঞপ্তি বেরিয়েছে, তাতে ই.ডব্লু.এস. প্রার্থীদের জন্য ১০% শূন্যপদ সংরক্ষিত আছে কি? — অরিন্দম চট্টোপাধ্যায়।*

■■ না, স্কুল সার্ভিসে ই.ডব্লু.এস. প্রার্থীদের কোনো সংরক্ষণ নেই।

■ *এস.এল.এস.টি.'র যে বিজ্ঞাপন বেরিয়েছে, তাতে স্পেশাল বি.এড. প্রার্থীরা যোগ্য কি? — প্রসেনজিৎ বিশ্বাস, পূর্ব আটপাড়া, লক্ষ্মীপুর, পূর্ব বর্ধমান।*

■■ হ্যাঁ, যোগ্য।

■ *স্কুল সার্ভিসের যে বিজ্ঞপ্তি বেরিয়েছে, তাতে ২০১৬ সালের আগে যাঁরা আপার প্রাইমারি ও নবম-দ্বাদশ শ্রেণির শিক্ষক, তাঁদের বয়স ৪০ বছর পেরিয়ে গেলেও দরখাস্ত করতে পারবেন কি? — দেবাশিষ মিত্র, জামদানি, গোবরডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ না, পারবেন না।

■ *এস.এল.এস.টি.'র যে পরীক্ষা হবে তাতে ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী পরীক্ষা হবে না, সিলেবাস বদল হবে? — অনুরাধা চ্যাটার্জী, সোনারপুর, ঘাসিয়ারা, কলকাতা -১৫০।*

■■ ২০১৬ সালের সিলেবাস অনুযায়ীই পরীক্ষা হবে। তবে সামান্য কিছু বদল হবে। এ বিষয়ে স্কুল সার্ভিসের ওয়েবসাইটে বিস্তারিত তথ্য পাবেন।

■ *স্কুল সার্ভিসের গ্রুপ-সি পদের অ্যাকাডেমিক স্কোর কেমন থাকবে? — অয়ন সাধুখাঁ, গোবরডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।*

■■ এসপ্তাহেই নিয়োগবিধি বের হবে। তখন বিস্তারিত তথ্য দেওয়া হবে।

■ *সংস্কৃত অনার্সে ৫৫% নম্বর আছে ও বি.এড. আছে। নবম-দশম শ্রেণির জন্য যোগ্য কি? — সৌরভ ভট্টাচার্য, বালুরঘাট, দক্ষিণ দিনাজপুর।*

■■ হ্যাঁ, যোগ্য।

■ *স্কুল সার্ভিসের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের পরীক্ষা কি একই সঙ্গে হবে না, আলাদাভাবে হবে? — অরিন্দম গোস্বামী, ময়নাগুড়ি, জলপাইগুড়ি।*

■■ পরীক্ষা আলাদা দিনে হবে।

■ *বায়ো-কেমিস্ট্রি নিয়ে স্নাতক ও স্নাতকোত্তর হওয়ার পর স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় নবম থেকে দ্বাদশ শ্রেণির বেলায় বায়োলজিক্যাল সায়েন্স বিষয়ের জন্য যোগ্য কি? — অনিন্দিতা বন্দ্যোপাধ্যায়, লালগোলা, মুর্শিদাবাদ।*

■■ স্কুল সার্ভিসে নবম থেকে দ্বাদশ শ্রেণির বেলায় বায়োলজিক্যাল সায়েন্স বিষয়ের ক্ষেত্রে এইসব বিষয়ের গ্র্যাজুয়েট বা, পোস্ট-গ্র্যাজুয়েটরাও যোগ্য : বটানি / জুলজি / ফিজিওলজি /মাইক্রোবায়োলজি /বায়ো-টেকনোলজি /সেরিকালচার /মলিকিউলার বায়োলজি /অ্যানথ্রোপলজি বিষয়ের গ্র্যাজুয়েটরাও যোগ্য। অন্যদিকে, হিউম্যান ফিজিওলজি, অ্যানিম্যাল সায়েন্স (জুলজি), বটানি /জুলজি /ফিজিওলজি /মাইক্রোবায়োলজি / বায়ো-টেকনোলজি /সেরিকালচার /মলিকিউলার বায়োলজি / বটানির অনার্স -সহ ইকোলজির এম.এসসি., অ্যাগ্রিকালচার বটানি /প্ল্যান্ট ফিজিওলজি /জেনেটিক্স অ্যান্ড প্ল্যান্ট ব্রিডিং হর্টিকালচার বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েটরাও যোগ্য।

## রেলে চাকরির

■ *রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরির সি.বি.টি. টেস্টের অ্যাডমিট কার্ড কবে থেকে ডাউনলোড করতে পারব? পরীক্ষায় কী কী বিষয় থাকবে? — অরিন্দম গোস্বামী, ময়নাগুড়ি, জলপাইগুড়ি। তপন মন্ডল, মুর্শিদাবাদ। পিযুস ধাড়া, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ কলকাতা-সহ সারা ভারতের রেল রিক্রুট. বোর্ডের মাধ্যমে রেলের নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরি (গ্র্যাজুয়েট লেভেল) (বিজ্ঞপ্তি নং ০৫/২০২৪) পদে ৮,১১৩ জন ছেলেমেয়ে নেওয়ার যে দরখাস্ত নেওয়া হয়েছিল, তার কম্পিউটার বেসড টেস্ট ৫ জুন থেকে শুরু হয়েছে। চলবে ২৩ জুন পর্যন্ত। ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.rrbapply.gov.in
এন.টি.পি.সি. (গ্র্যাজুয়েট লেভেল) ক্যাটেগরির প্রার্থী বাছাইয়ের জন্য দু'টি পর্যায়ের অনলাইন সি.বি.টি. টেস্ট হবে। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড টেস্টে ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস -৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (২) অঙ্ক-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। এই পরীক্ষায় কোয়ালিফাই করলে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাক পাবেন। মোট শূন্যপদের ১৫ গুণ প্রার্থীকে দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টের জন্য ডাকা হবে। দ্বিতীয় পর্যায়ের সি.বি.টি. টেস্টে ১২০ নম্বরের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এই সব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (২) অঙ্ক -৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং -৩৫ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। প্রতিবন্ধী প্রার্থীরা অতিরিক্ত ৩০ মিনিট সময় পাবেন। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

## স্টাফ সিলেকশনের

■ *স্টাফ সিলেকশন কমিশনের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল, কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল ও এম.টি.এস. পদের পরীক্ষার বিজ্ঞপ্তি কবে বেরোবে? পরীক্ষা কবে হবে? — মনোজ ঘোষ, আরামবাগ, হুগলি। দীপঙ্কর মাঝি, অশোকনগর, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেলের বিজ্ঞপ্তি বেরোবে ৯ জুন। দরখাস্ত নেওয়া হবে ৪ জুলাই পর্যন্ত। প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষা হবে ১৩ আগস্ট থেকে ৩০ আগস্ট। কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেলের বিজ্ঞপ্তি বেরোবে ২৩ জুন। দরখাস্ত নেওয়া হবে ১৮ জুলাই পর্যন্ত। প্রথম পর্যায়ের কম্পিউটার বেসড পরীক্ষা হবে ৮ সেপ্টেম্বর থেকে ১৮ সেপ্টেম্বর। মাল্টি টাস্কিং স্টাফ পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে ২৬ জুন। দরখাস্ত নেওয়া হবে ২৪ জুলাই পর্যন্ত। প্রথমে সর্বভারতীয় পর্যায়ের অনলাইন (কম্পিউটার বেসড টেস্ট) পরীক্ষা হবে ২০ সেপ্টেম্বর থেকে ২৪ অক্টোবর।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের পরীক্ষা কবে হবে? — সুদীপ সরকার, বাঁকুড়া। শুভঙ্কর পাল, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর।*

■■ পশ্চিমবঙ্গ পুলিশে কনস্টেবল পদের পরীক্ষা হবে পুজোর আগে। এখনো তারিখ ঠিক হয়নি।

## কোর্স ও ট্রেনিং

■ *রেগুলার কোর্সে বি.এ. ও ডি.এল.এড. কোর্স একইসঙ্গে করতে পারব কি? — আকাশ হালদার, জয়নগর মাজিলপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, পারবেন।

■ *রাজ্যের সরকারি ডি.এল.এড. কোর্সে ভরতির বিজ্ঞপ্তি কবে বেরোবে? — সায়ন বেড়া, জাফরপুর, ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গের ২৩টি জেলার সরকার অনুমোদিত ও সরকার পোষিত আর বেসরকারি ৬৫৬টি প্রাইমারি টিচার্স ট্রেনিং ইনস্টিটিউটে 'ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডি.এল.এড.)' কোর্সে ২০২৫-২০২৭ সেশনে ভরতির বিজ্ঞপ্তি এ মাসেই বেরোবে। বিজ্ঞপ্তি বেরোলে 'কর্মসংস্থান'এ দেওয়া হবে। এছাড়াও বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : । www.wbbpe.org

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

• রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| PSC-র মাধ্যমে রাজ্যে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষক | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| আই.টি.আই কোর্সে ভরতি | এইট পাশ মাধ্যমিক | - | ১০-৬-২৫ | https://scvtwb.in |
| পলিটেকনিক কোর্সে ভরতি | মাধ্যমিক পাশ | - | ১০-৬-২৫ | https://scvtwb.in |
| ইন্ডিয়ান হাইওয়েজ ম্যানেজমেন্ট সংস্থায় ইঞ্জিনিয়ার | গ্র্যাজুয়েট | ৪৯ | ২-৬-২৫ | www.ihmcl.co.in |
| ন্যাশনাল হাইওয়ে অথরিটিতে ডেপুটি ম্যানেজার | গ্র্যাজুয়েট | ৬০ | ৯-৬-২৫ | www.nhai.gov.in |
| সেনাবাহিনীতে কোর্স পড়িয়ে (TES-54) অফিসার | উচ্চমাধ্যমিক | ৯০ | ১২-৬-২৫ | www.joinindianarmy.nic.in |
| প্রতিরক্ষা কারখানায় অ্যাপ্রেন্টিস | আই.টি.আই | ২৪ | ১২-৬-২৫ | https://munitionsindia.in |
| বিমা সংস্থায় অ্যাপ্রেন্টিস | গ্র্যাজুয়েট | ৫০০ | ২০-৬-২৫ | www.newindia.co.in |
| ইসরোতে টেকনিশিয়ান, অ্যাসিস্ট্যান্ট, ড্রাফ্টসম্যান | আই.টি.আই., ডিপ্লোমা | ১৪৩ | ৯-৬-২৫ | www.vssc.gov.in |
| ডি.আর.ডি.ও.-তে সায়েন্টিস্ট | গ্র্যাজুয়েট | ১৪৮ | ১০-৬-২৫ | www.rac.gov.in |
| এন.এম.ডি.সি.'তে ফিল্ড অপারেটর টেকনিশিয়ান | আই.টি.আই. ডিপ্লোমা | ৯৯৫ | ১৪-৬-২৫ | www.nmdc.co.in |
| পারমাণবিক শক্তি দফতরে সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট | মাধ্যমিক, HS গ্র্যাজুয়েট | ১৯৭ | ১৭-৬-২৫ | www.npcilcareers.co.in |
| মিনারেল এক্সপ্লোরেশনে এক্সিকিউটিভ | গ্র্যাজুয়েট | ৩০ | ৫-৬-২৫ | www.mecl.co.in |
| প্রতিরক্ষা কারখানায় ওয়ার্কার | আই.টি.আই | ৪৯ | ২১-৬-২৫ | https://munitionsindia.in |
| স্কুল সার্ভিসের মাধ্যমে নবম-দ্বাদশ শ্রেণির শিক্ষক-শিক্ষিকা | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | ৩৫,৭২৬ | ১৪-৭-২৫ | www.westbengalssc.com |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| PSC-WBCS-2024 প্রিলি পরীক্ষা | ৭ সেপ্টেম্বর, ২০২৫ | www.wbpsc.gov.in |
| UPSC ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস পদের প্রিলিমিনারি পরীক্ষা | ৮ জুন, ২০২৫ | www.upsc.gov.in |
| PSC-Clerkship-23 পার্ট-।। পরীক্ষা | ১৫ জুন, ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC-Clerkship-24 পার্ট-। পরীক্ষা | ২৮ ডিসেম্বর, ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC- মিসলেনিয়াস সার্ভিসেস -২০২৪ প্রিলিমিনারি পরীক্ষা | ২৩ নভেম্বর ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC-মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (নন-টেক) -২০২৪ পরীক্ষা | ৯ নভেম্বর ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC-মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (টেক) -২০২৪ পরীক্ষা | ১৬ নভেম্বর ২০২৫ | www.wbpsc.gov.in |
| UGC-NET পরীক্ষা | ২১ জুন থেকে ৩০ জুন | www.ugcnetonline.in |
| প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে ডিগ্রি (PUBDET-2025) পরীক্ষা | ২১ ও ২২ জুন | https://wbjeeb.nic.in |
| CAPF (Asstt. Commandant) ২০২৫ পরীক্ষা | ৩ আগস্ট | www.upsconline.nic.in |
| NET-ARS, SMS, STO -2025 | ৪ সেপ্টেম্বর | www.asrb.org.in |
| UPSC এর IES / ISS পরীক্ষা | ২০ জুন থেকে | www.upsc.gov.in |
| রেল NTPC (Graduate) CBT প্রিলি. পরীক্ষা | ৫ জুন থেকে ২৩ জুন | www.rrbapply.gov.in |
| SBI-এর Circle Based Officer পদের অনলাইন টেস্ট হবে | জুলাইয়ে | https://bank.sbi/careers |

এবছর H.S. পরীক্ষা দিয়েছ নাকি ডিগ্রি কোর্স পড়ছ ?

ভাবছ কোন বিষয় নিয়ে পড়লে বছর কয়েকের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই ?

চটপট চাকরির জন্য কোন প্রফেশনাল কোর্স, কম কোর্স ফী-তে, কোথা থেকে পড়ব ?

এসব জানাতেই হচ্ছে

# কেরিয়ার ফেয়ার

১৩ ও ১৪ জুন (শুক্রবার ও শনিবার)

সিটি মল (গিরিরাজ ব্যাঙ্কোয়েট) খাগড়াবাড়ি, কোচবিহার

উপস্থাপনায় :

স্পট অ্যাডমিশনে পাবেন বিশেষ ছাড়

## কর্মসংস্থান

থাকছে ফ্রি টিফিন

সুখবর | সাফল্য | সাফল্য সাধারণ জ্ঞান | Appointment & Career News

Sponsored by : ncsm

NATIONAL COMPUTER SAKSHARTA MISSION

In Gracious Presence

JIS GROUP, RICE EDUCATION, Parul University, CHITKARA UNIVERSITY, GSCE digital, CAMELLIA, ITM UNIVERSITY, ASCENT, TIEM, SBIHM, VIMT, College of Engineering & Management, Kolaghat, Infinity The Leader in Education, Reliable, DR. B.C. ROY SOCIETY, CIT Uluberia, LAW POINT, STEWS

বিনামূল্যে প্রবেশ করতে ফোন করুন : 6291684943

**মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর স্বাস্থ্য পরিষেবায় কর্মসংস্থানের বিপুল সুযোগ**

# কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত প্যারামেডিক্যালের নানান কর্মমুখী কোর্সে ভর্তি

## কৃষ্ণনগর ও বহরমপুরে

নিজস্ব সংবাদদাতা, কল্যাণী : কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত Susrijo Institute of Paramedical Technology and Optometry-তে নতুন অ্যাকাডেমিক সেশনে এই ১২টি কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে : (১) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অপথ্যালমিক টেকনিক, (২) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক, (৩) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক, (৪) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক, (৫) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনিক অ্যান্ড ওরাল হাইজিন, (৬) ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি, (৭) ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি। (৮) ডিপ্লোমা ইন ইলেক্ট্রোকার্ডিওগ্রাফি টেকনিক অ্যান্ড পিএফটি, (৯) ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান। সবক'টি কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ। তবে কমার্স ও আর্টস্ শাখার ছেলেমেয়েরাও আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে তাদের ১ বছরের একটি ব্রিজ কোর্স 'প্রি অপ্টোমেট্রি অ্যান্ড প্রি টেকনোলজি' মূল কোর্সের সাথে একই সঙ্গে করে নিতে হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ।

এখানে মাধ্যমিক যোগ্যতায় ভর্তি নেওয়া হচ্ছে এই কোর্সে : (১) সার্টিফিকেট ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগ, (২) সার্টিফিকেট ইন স্যানিটারি ইন্সপেকশন। দু'টি কোর্সের মেয়াদ ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এছাড়াও গ্র্যাজুয়েটদের জন্য চাকরির উপযোগী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স পড়ানো হয়। সময়সীমা ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এই কোর্স করার পর ছাত্রছাত্রীদের বেসরকারি ক্ষেত্র ছাড়াও সরকারি হাসপাতালে অ্যাসিস্ট্যান্ট সুপার পদে চাকরি পাওয়ার সুযোগ আছে। সরকারি পরিকাঠামোয় উন্নত ল্যাবরেটরি ও কল্যাণী বিশ্ববিদ্যালয় নির্বাচিত অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর মাধ্যমে মনোরম পরিবেশে আছে ক্লাস করার সুযোগ। ছাত্রছাত্রীরা এখানে ক্রেডিট কার্ডের মাধ্যমে ব্যাঙ্ক লোনের সুবিধা পাবে। কোর্স করার সময় ছাত্রছাত্রীরা পাবেন সরকারি স্কলারশিপ গ্রহণের সুযোগ। এছাড়াও রয়েছে মাসিক কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুযোগ। দূরবর্তী ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। কোর্স শেষে ছাত্রছাত্রীরা The West Bengal Allied-Medical and Para-Medical Council-এ নাম নথিভুক্ত করতে পারবে। এখান থেকে পাশ করার পর ছেলেমেয়েদের পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর ছাড়াও বিভিন্ন সরকারি, বেসরকারি হাসপাতালে প্রচুর চাকরির সুযোগ রয়েছে। রয়েছে স্বাধীন ব্যবসার সুযোগ। তাই সময় নষ্ট না করে তাড়াতাড়ি ও কিছুটা অভিনব এইসব চাকরির জন্য ভর্তি হতে পারেন কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত এই প্রতিষ্ঠানে। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : Susrijo Institute of Paramedical Technology and Optometry (SIPTO),

মেইন ক্যাম্পাস কৃষ্ণনগর : Webel IT Park, Krishnagar, Nadia (Near Krishnagar Horticulture Office).
Ph. : 8513910934, 7031803904.

বহরমপুর স্টাডি সেন্টার : 20/1 Madhupur Road, P.O & P.S : Berhampore, Dist. - Murshidabad, WB.
Ph. : 9134287005, 9382415291.

ওয়েবসাইট : www.sipto.org

ই-মেল : www.sipto19@gmail.com

**এখান থেকে পাশ করে চাকরি করছে এমন কিছু ছেলেমেয়ের ছবি দেওয়া হল —**



বুদ্ধদেব পাল | গণেশ চন্দ্র পাল | মহঃ সুরজ আলি | প্রশান্ত ভাওয়াল | সঙ্গীতা মাইতি | ত্র্যম্বক কান্তি কর

# সরকারি প্যারামেডিক্যাল কোর্সে ভরতি

নিজস্ব প্রতিনিধি, কলকাতা : পশ্চিমবঙ্গ সরকারের স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টির অনুমোদিত রাজ্যের৩৬টি মেডিক্যাল কলেজে ও ৯২টি অনুমোদিত প্রতিষ্ঠানে ১৩টি বিষয়ের ডিপ্লোমা কোর্সে ভরতির ফর্ম দেওয়া শুরু হয়েছে। পড়ানো হবে এইসব কোর্সে : (১) মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি (DMLT-Tech.), (২) রেডিওগ্রাফি (ডায়াগনস্টিক) (DRD-Tech), (৩) ফিজিওথেরাপির ডিপ্লোমা (DPT), (৪) রেডিওথেরাপেটিক টেকনোলজি (DRT), (৫) অপ্টোমেট্রি (অপথ্যালমিক টেকনিক), (৬) নিউরো ইলেক্ট্রো ফিজিওলজি, (৭) পারফিউশন টেকনোলজি, (৮) ক্যাথ ল্যাব টেকনিশিয়ান, (৯) ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি, (১০) ডায়ালিসিস টেকনিক, (১১) অপারেশন থিয়েটার টেকনোলজি, (১২) ডায়াবেটিস কেয়ার টেকনোলজি, (১৩) ইলেক্ট্রোকার্ডিওগ্রাফিক টেকনিক। প্রতিটি কোর্স ২ বছরের। সেশন শুরু ১ সেপ্টেম্বর।

ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ওই তিন বিষয়ে আলাদাভাবে পাশ নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩১-১২-২০২৫'এর হিসাবে ১৭ বছর বা, তার বেশি। পড়ানো হবে ৩৬টি মেডিক্যাল কলেজে ও ৯২টি অনুমোদিত প্রতিষ্ঠানে। তপশিলী ও প্রতিবন্ধীদের জন্য যথারীতি সীট সংরক্ষিত। এই পদের বিজ্ঞপ্তি নং : 356, Date: 30th May, 2025.

প্রার্থী বাছাই হবে এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ১৩ জুলাই, বেলা ১০টা থেকে ১টা পর্যন্ত। এরপর হবে কাউন্সেলিং।

দরখাস্ত করবেন অনলাইনে, ৪ জুলাইপর্যন্ত। এই ওয়েবসাইটে : www.smfwb.in, www.smfwb.formflix.org এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. ও বৈধ মোবাইল নম্বর থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৬০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে কিংবা এই ঠিকানায় : State Medical Faculty of West Bengal, 14-C, Beliaghata Main Road, Kolkata-700 085. ফোন : 23720185, 23720181.









Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com